minister AC
মাসিক কিস্তি
৳২০০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

কোটি কোটি টাকার ঈদ সালামি অফার
minister Voice Control Smart Tv
নিশ্চিত ক্যাশ ভাউচার ও পণ্য ফ্রি!
55MG5010B ৬৩,৩৩৩
৳৪৯,০০০
৫৫"
বিস্তারিত: ০৯৬০৬ ৭০০৭০০
*শর্ত প্রযোজ্য

মঙ্গলবার ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৭৭ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২৭ আষাঢ় ১৪৩০ ॥ ২২ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-4 ॥ মূল্য ৫ টাকা ১১ জুলাই ২০২৩

## আরপিও সংশোধনে নির্বাচন কমিশনের ক্ষমতা বেড়েছে



**নিজস্ব প্রতিবেদক :** নির্বাচন কমিশনের মতামত নিয়ে সরকার আরপিও সংশোধন করেছে। এতে নির্বাচন কমিশনের ক্ষমতা বেড়েছে বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল। গতকাল সোমবার (১০ জুলাই) দুপুরে নির্বাচন কমিশন সচিবালয়ে এক ২-এর পাতায় দেখুন

## নির্বাচন নিয়ে ইইউর কোনো উদ্বেগ নেই



**নিজস্ব প্রতিবেদক :** সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে ইউরোপীয় ইউনিয়নের কোনো উদ্বেগ নেই। মূলত তারা এ দেশে একটি শান্তিপূর্ণ নির্বাচন চায়। গতকাল সোমবার ২-এর পাতায় দেখুন

## বিচারের সময় ভাবতে হয় যেন চোখের সামনে ১১শ লাশ



**নিজস্ব প্রতিবেদক :** সাভারের রানা প্লাজার ভবন মালিক রানার জামিন আবেদনে প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী বলেছেন, 'আমরা যখন বিচার করি তখন আমাদের এভাবেই ভাবতে হয় যে, ওই ঘটনায় মারা যাওয়া প্রায় ১১০০ লাশ আমাদের সামনে।'



সরোজ কুমার নাথ

## খুলনা বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার হলেন ঝিনাইদহের সাবেক ডিসি সরোজ কুমার নাথ

**নিজস্ব প্রতিবেদক :** খুলনা বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার হলেন ঝিনাইদহের সাবেক জেলা প্রশাসক (ডিসি) সরোজ কুমার নাথ। ১০ জুলাই সোমবার জনপ্রশাসন মন্ত্রালয়ের মাঠ প্রশাসন-২ শাখার এক প্রজ্ঞাপনের মাধ্যমে বিষয়টি জানানো হয়। জনপ্রশাসন মন্ত্রালয়ের মাঠ প্রশাসন-২ শাখার উপসচিব ভাস্কর দেবনাথ বাপ্পি স্বাক্ষরিত ০৫.০০.০০০০. ১৩৯.০০৬.১৬-২৬৫ স্মারকের মাধ্যমে বদলিপুর্বক পদায়ন করা ২-এর পাতায় দেখুন

# দেশের ক্ষতি হয় এমন সংবাদ প্রচার না করার আহবান প্রধানমন্ত্রীর



**নিজস্ব প্রতিবেদক :** শেখ হাসিনা বলেন, গণমাধ্যমকে যতটা স্বাধীনতা আওয়ামী লীগ সরকার দিয়েছে, তা আর কেউ কখনো ভোগ করেনি। দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন সংবাদ প্রকাশ ও প্রচার না করতে সাংবাদিকদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সাংবাদিকদের পেশাগত দক্ষতা বড়ানোর পরামর্শ দিয়ে সরকারপ্রধান বলেছেন, আওয়ামী লীগ ক্ষমতায় থাকার কারণে গত ১৪ বছরে সংবাদমাধ্যম 'সবচেয়ে বেশি' স্বাধীনতা পেয়েছে। গতকাল সোমবার প্রধানমন্ত্রী কার্যালয়ের করবী হলে, অসুস্থ, অসচ্ছল সাংবাদিক এবং নিহত সাংবাদিক পরিবারের সদস্যদের হাতে আর্থিক চেক তুলে দেওয়া হয়।

সংবাদমাধ্যমের কর্মীদের জন্য সরকারের নানা উদ্যোগের কথা তুলে ধরে শেখ হাসিনা অনুষ্ঠানে বলেন, "ইতোমধ্যে আমরা একটা ওয়েজবোর্ড কার্যকর করেছি। ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিকদের ওয়েজবোর্ডের আওতায় আনা হবে, খুব দ্রুত এটা বাস্তবায়ন করা হবে। গণমাধ্যম কর্মী চাকরি শর্তাবলী আইন সেটাও আমরা করে দেব।"

সাংবাদিকদের 'দেশের ভালোর জন্য' সামলোচনা করার আহ্বান রেখে প্রধানমন্ত্রী বলেন, "সমালোচনা যেন আমাদের দেশের কল্যাণে হয়, দেশের ক্ষতির জন্য না হয়। সমালোচনা থেকে যদি কোনো কিউছু সংশোধন করা লাগে আমরা (সরকার) সেটা করে নেব।

# বিএনপির চুড়ান্ত ঘোষণা কাল, ফখরুলকে ডেকে উষ্মা প্রকাশ করলেন খালেদা

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ১২ জুলাই সরকারবিরোধী একদফা আন্দোলনের চূড়ান্ত ঘোষণা দিতে যাচ্ছে বিএনপি। রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠেয় বিশাল সমাবেশ থেকে এই ঘোষণা দেবে বিএনপি। এ জন্য বিএনপি ও অঙ্গ এবং সহযোগী সংগঠনকে সার্বিক প্রস্তুতি গ্রহণের নির্দেশনা দেওয়া হয়েছে। শনিবার নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের (ভার্চুয়ালি) সভাপতিত্বে অনুষ্ঠিত প্রায় এক ঘণ্টার রুদ্ধদ্বার সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

সমাবেশের অনুমতি চেয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাছে লিখিত আবেদন করা হবে। এদিকে দলটির এমন সিদ্ধান্তের কথা পৌঁছে যায় গুলশানে ফিরোজায় বেগম খালেদা জিয়ার কাছে। তিনি বিএনপির এমন সিদ্ধান্তে উষ্মা প্রকাশ করেন এবং ফিরোজায় মির্জা ফখরুলকে ডেকে নেন। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ফিরোজায় গেলে একদফা আন্দোলনের চূড়ান্ত ঘোষণার দিনক্ষণের ব্যাপারে বেগম জিয়া মির্জা ফখরুলের কাছে বিরক্তি প্রকাশ করেন এবং এ ধরনের সিদ্ধান্তকে ২-এর পাতায় দেখুন

## ঢাকায় সমাবেশের অনুমতি পেল বিএনপি

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ১২ জুলাই রাজধানীর নয়াপল্টনে দলীয় কার্যালয়ের সামনে সমাবেশের মৌখিক অনুমতি পেয়েছে বিএনপি।

গতকাল সোমবার দুপুরে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার খন্দকার গোলাম ফারুকের সঙ্গে বৈঠক শেষে গণমাধ্যমে এ তথ্য জানান ২-এর পাতায় দেখুন



চুয়াডাঙ্গার বিদায়ী জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান

## চুয়াডাঙ্গাসহ আরও ৮ জেলায় ডিসি পদে রদবদল

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় নির্বাচনের আগে চুয়াডাঙ্গাসহ আরও আট জেলায় নতুন জেলা প্রশাসক (ডিসি) নিয়োগ দিয়েছে সরকার। গতকাল সোমবার (১০ জুলাই) মেহেরপুর, শেরপুর, জামালপুর, মুন্সীগঞ্জ, রংপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ ২-এর পাতায় দেখুন

# শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত

**শৈলকুপা প্রতিনিধি :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপেক্সের ব্যবস্থাপনা কমিটির ২৪ নং সভা সোমবার বেলা ১২ টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভাপতি ঝিনাইদহ -১, আসনের সংসদ সদস্য আবদুল হাই, এছাড়া সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম আব্দুল হাকিম আহমেদ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, ঝিনাইদহ জেলা পরিষদের সদস্য মুক্তার আহমেদ মৃধা,




শৈলকুপা পৌরসভার কাউন্সিলর মুসা খাঁন,উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের ২-এর পাতায় দেখুন

## নির্বাচন নিয়ে সহিংসতার আশঙ্কা নেই : ইইউ দলকে মানবাধিকার চেয়ারম্যান

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় মানবাধিকার কমিশনের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছে বাংলাদেশে সফররত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) প্রাক্-নির্বাচন পর্যবেক্ষক দল। এ সময় আগামী জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতার কোনো আশঙ্কা আছে কি না, তা জানতে চেয়েছে।

তবে 'পরিস্থিতি আগের চেয়ে ভালো' বলে মানবাধিকার কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে ইইউ পর্যবেক্ষক দলকে। গতকাল সোমবার দুপুরে বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান কমিশনের চেয়ারম্যান কামাল উদ্দিন আহমেদ। তিনি বলেন, আমাদের কাছে জানতে চাওয়া হয়েছিল- আমাগী জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতার আশঙ্কা আছে কি না।




এফবিসিসিআইয়ের অধিভূক্ত সকল চেম্বার এবং অ্যাসোসিয়েশন প্রধানদের সভায় এফবিসিসিআই সভাপতি মো. জসিম উদ্দিনসহ গুরুত্বপূর্ণ অংশীজন হিসেবে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন (ছবিতে ডানে) চুয়াডাঙ্গার কৃতি সন্তান, এফবিসিসিআই ভাইস প্রেসিডেন্ট, মিনিস্টার-মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান এম এ রাজ্জাক খান রাজ।

# স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ব্যবসায়ী সম্মেলনে যোগ দেবেন প্রধানমন্ত্রী

**বিশেষ প্রতিনিধি :** স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বেসরকারি খাতের অবদান, বর্তমান প্রেক্ষাপট ও করণীয় নিয়ে সম্মেলনের আয়োজন করতে যাচ্ছে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি ফেডারেশন (এফবিসিসিআই)। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ১৫ জুলাই বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বলে আশা করা হচ্ছে। সভায় ২-এর পাতায় দেখুন



## প্রধানমন্ত্রী ফেলোশিপ অ্যাওয়ার্ড পাওয়ায় এমপি টগরের শুভেচ্ছা ও অভিনন্দন

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী ফেলোশিপ অ্যাওয়ার্ড ২০২৩-২৪ পাওয়ায় চুয়াডাঙ্গা ২ আসনের এমপি আলী আজগার টগর শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। চুয়াডাঙ্গার উথলী গ্রামের ২-এর পাতায় দেখুন

# শৈলকুপার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের কর্মী সভায় এমপি আব্দুল হাই

**সম্রাট হোসেন :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ৯ নং মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের কর্মী সভা অনুষ্ঠিত। সোমবার বিকালে ইউনিয়নের সীমান্ত বাজারে এই কর্মী সভা অনুষ্ঠিত হয়। ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি, আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা




আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ শৈলকুপা আসনের সংসদ সদস্য আব্দুল হাই এমপি। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান মতিয়ার রহমান, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান আব্দুল হাকিম, ২-এর পাতায় দেখুন

## গোপালগঞ্জে ব্যবসায়ী হত্যা মামলায় তিনজনকে ফাঁসি

**নিজস্ব প্রতিবেদক :** গোপালগঞ্জে টুঙ্গিপাড়ায় ব্যবসায়ী লুৎফর মোল্লা হত্যা মামলায় তিনজনকে ফাঁসির রায় দিয়েছেন গোপালগঞ্জ জেলা ও দায়রা জজ আদালত। এসময় প্রত্যেককে ৫ হাজার টাকা জরিমানাও করা হয়।

গতকাল সোমবার গোপালগঞ্জের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মাকসুদুর রহমান এ আদেশ দেন। রায় ঘোষণার সময় সকল আসামীরা উপস্থিত ছিলেন।

আদালত ও মামলা সূত্রে জানাগেছে, লুৎফর মোল্লা দীর্ঘ দিন ধরে ব্যবসার জন্য বিভিন্ন লোকজনকে টাকা ধার দিয়ে আসছিলেন।



ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি সাবেক সংসদ সদস্য শফিকুল ইসলাম অপু গত পরশু প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে দুই মেয়ে নিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# কালীগঞ্জ উপজেলা আইনশৃংখলা কমিটির মাসিক সভায় এমপি আনার

**কালীগঞ্জ প্রতিনিধি :** কালীগঞ্জ উপজেলা আইনশৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিতে পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত সভাতে প্রধান অতিথি ছিলেন, ঝিনাইদহ -৪ আসনের সাংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার। বিশেষ অতিথি ছিলেন, কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গির সিদ্দিকী ঠান্ডু, উপজেলা সহকারী কমিশনার (ভুমি) হাবিবুল্লাহ হাবিব, কালীগঞ্জ থানার অফিসার্স ইনচার্জ মাহবুবুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান




শিবলী নোমানী ও শাহানাজ পারভীন।

সভাতে প্রধান অতিথি এমপি আনার বলেন, সকল অপরাধ প্রবনতা রোধে পুলিশ ও আইনশৃংখলা বাহিনীর সদস্যদের কঠোর ভুমিকা ২-এর পাতায় দেখুন

## জাতীয় শিশু সপ্তাহে ঝিনাইদহ সদর উপজেলা পর্যায়ে ব্যাডমিন্টন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান কৌশিক

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় শিশু সপ্তাহ উপলক্ষে আয়োজিত ঝিনাইদহ সদর উপজেলা পর্যায়ে ব্যাডমিন্টন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হয়েছে জুম্মাতুল মাজমাদার কৌশিক। সোমবার উপজেলা পরিষদ চত্বরের ব্যাডমিন্টন মাঠে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ২০২২ ও ২০২৩ সালের প্রতিযোগিতা এ বৎসর অনুষ্ঠিত হয়। কৌশিক ২০২২ সালের প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান ও ২০২৩ ২-এর পাতায় দেখুন



# কোটচাঁদপুরে মসজিদ কমিটির সভাপতির বিরুদ্ধে জমি দখলসহ জোরপুর্বক পুকুর খননের অভিযোগ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার কুশনা ইউনিয়নের জালালপুর গ্রামে মসজিদ কমিটির সভাপতির বিরুদ্ধে জোরপুর্বক অন্যের জমি দখল ও অন্যের জমিতে জোরপুর্বক পুকুর খননের অভিযোগ উঠেছে। এ ঘটনায় ভুক্তভোগীরা উপজেলা নির্বাহী কর্মকর্তার বরাবর অভিযোগ দিলেও কোন সুরাহা হয়নি।



খোঁজ নিয়ে জানা যায়, ওই গ্রামের মৃত আব্দুল করিম লস্করের ছেলে আবুল ফজল তমাল ঢাকার একটি ইন্স্যুরেন্স কোম্পানীতের চাকুরী করেন। চাকুরীর সুবাদে তিনি ঢাকাতেই অবস্থান করেন। সপ্তাহে ও মাসে ২/১ দিন গ্রামে আসেন। বর্তমানে তিনি ওই গ্রামের মসজিদ কমিটির সভাপতি।

জালালপুর গ্রামের আলী আজগর অভিযোগ করে বলেন, আবুল ফজল তমাল গ্রামে থাকেন না কিন্তু গ্রামের মানুষ তার অত্যাচারে দিশেহারা। মাঝে মাঝে গ্রামে এসে তিনি এলাকার মানুষের উপর নির্যাতন করেন। জোরপুর্বক জমি দখল, শরিকানা জমির পুকুর জোরপুর্বক খননসহ নানা অত্যাচার করছেন। একই গ্রামের ২-এর পাতায় দেখুন

## ডিউটি হাসপাতালে রোগী দেখেন ক্লিনিকে, ৬ মাসের ৩ মাসই হাসপাতালে আসেন দেরিতে

**নিজস্ব প্রতিবেদক :** গ্রামের মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে ঝিনাইদহের ৬ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বেশ কয়েকজন চিকিৎসক নিয়োগ দিয়েছে স্বাস্থ্য বিভাগ। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে সকাল ৮ টায় কার্যদিবস শুরু হয়। কিন্তু সরকারী সেই নিয়মকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে নিজের ইচ্ছেমাফিক হাসপাতালে আসেন শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডা: মাহবুবুল আলম ২-এর পাতায় দেখুন



# ইসলামী ব্যাংকের মালিকানা থেকে সরে দাঁড়ালো ৩ প্রতিষ্ঠান

**নিজস্ব প্রতিবেদক :** ইসলামী ব্যাংকের মালিকানা থেকে সরে গেল তিন প্রতিষ্ঠান। তিন প্রতিষ্ঠান হলোড়কিংসওয়ে এন্ডেভরস লিমিটেড, আরমাডা স্পিনিং মিলস লিমিটেড এবং ইউনিগে-াব বিজনেস রিসোর্সেস লিমিটেড।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

গত জুন মাসে প্রতিষ্ঠানগুলো তাদের সব শেয়ার বিক্রি করে দিয়েছে। একই সঙ্গে তাদের মনোনীত পরিচালকদের প্রত্যাহার করে নিয়েছে।

সোমবার (১০ জুলাই) কোম্পানিটি দেশের শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ওয়েবসাইটের মাধ্যমে বিনিয়োগকারীদের জানায়, উল্লেখিত তিনটি কোম্পানির পক্ষ থেকে ব্যাংকটির পরিচালক পদে থাকা প্রতিনিধি প্রত্যাহার করে নেয়া হয়েছে।

এর আগে রাষ্ট্রায়ত্ত ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ (আইসিবি) তার কাছে থাকা ইসলামী ব্যাংকের সব শেয়ার বিক্রি করে। তখন প্রতিষ্ঠানটি তাদের মনোনিত পরিচালকও ব্যাংকটির পর্ষদ থেকে প্রত্যাহার করে। পরিচালকদের শেয়ার বিক্রি ২-এর পাতায় দেখুন

## সুনামগঞ্জের মসজিদে কাঁঠালের নিলাম নিয়ে সংঘর্ষ, নিহত ৩

**নিজস্ব প্রতিবেদক :** সুনামগঞ্জের শান্তিগঞ্জ উপজেলার মসজিদে দান করা কাঁঠালের নিলামকে কেন্দ্র করে দুপক্ষের সংঘর্ষে তিনজন নিহত হয়েছেন; আহত হয়েছেন অন্তত ২০ জন।

উপজেলার জয়কলস ইউনিয়নের হাসনাবাদ গ্রামে সোমবার বেলা ১১টা থেকে প্রায় এক ঘণ্ট ধরে সংঘর্ষ হয় বলে ইউপি চেয়ারম্যান আব্দুল বাছিত সুজন জানান। নিহতরা হলেন: ওই গ্রামের আব্দুল লতিফের ছেলে নরুল হক (৪৫), আব্দুস সুফির ছেলে বাবুল মিয়া (৫০) এবং আব্দুল বাসিরের ছেলে শাহজাহান মিয়া (৫৫)।

## কালীগঞ্জে স্বামী সন্তানের অধিকার পেতে মামলা এক নারী

**নিজস্ব প্রতিবেদক :** আদালতে মামলা করেও স্বামী সন্তানের অধিকার পায়নি শাপলা খাতুন নামে এক নারী। শাপলা ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার কমলাপুর গ্রামের মহিদুল ইসলামের মেয়ে। মামলার বিবরণে জানা যায়, পারিবারিকভাবে যশোরের চৌগাছা উপজেলার হ্যাকিমপুর গ্রামের গোলাম সিদ্দিক খানের ছেলে জসিম উদ্দিনের সাথে বিয়ে হয়। বিয়ের পর তাদের সংসারে সাবিহা নামের একটি কন্যা সন্তানের জন্ম হয়। বিয়ের কয়েক বছর পর স্বামী জসিম উদ্দিন বিদেশ যায়। এসময় তার বিদেশ যাওয়ার জন্য শশুরবাড়ির থেকে ৫ লাখ ৩৫ হাজার টাকা প্রদান করে। বিদেশ যাওয়ার পর থেকে স্ত্রী সন্তানের সাথে গোযোগ বন্ধ করে দেয়। এসময় জসিমের মা-বাবা শাপলার উপর নির্যাতন শুরু করে। এরমধ্যে ২-এর পাতায় দেখুন



দৈনিক এই আমার দেশ ১১ জুলাই ২০২৩

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

মঙ্গলবার ১১ জুলাই ২০২৩



## ডাঃ তানভীর আহমেদ ইসলামী ব্যাংকের ভাইস চেয়ারম্যান নির্বাচিত

**নিজস্ব প্রতিবেদক :** ডাঃ তানভীর আহমেদ ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। তিনি ২০০৯ সালে ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, চট্টগ্রাম থেকে এমবিবিএস ডিগ্রি সম্পন্ন করেন। এরপর ২০১৭ সালের জানুয়ারিতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে স্যার সলি-মুল্লাহ মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে কার্ডিওলজিতে ডক্টর অব মেডিসিন ডিগ্রি লাভ করেন। তিনি ২০১৭ সালে ইউনাইটেড হাসপাতালে কার্ডিওলজি বিভাগে পোস্ট ডক্টরাল ফেলো হিসেবে এবং বর্তমানে উক্ত বিভাগে বিশেষজ্ঞ হিসেবে কাজ করছেন। তিনি জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সম্মেলনে সক্রিয় অংশগ্রহণ করেন এবং এশিয়া প্যাসিফিক সোসাইটি অব কার্ডিওলজি সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব ২-এর পাতায় দেখুন

## সুযোগ পেলে প্রতিবন্ধীরাও অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখতে পারে : এমপি চঞ্চল



**মো ঃ আজাদ :** প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয়। তারাও সুযোগ পেলে সমাজে অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখতে পারে বলে মন্তব্য করেছেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল। সোমবার দুপুরে ঝিনাইদহের মহেশপুর জেলা পরিষদ অডিটোরিয়ামে দু:স্থ,অসহায় ও গরীব প্রতিবন্ধীদের মাঝে ব্যাটারী চালিত হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রতিবন্ধী পূর্ণবাসন ফাউন্ডেশনের পরিচালক মোক্তার মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের ২-এর পাতায় দেখুন

# আগামী নির্বাচন বর্তমান সরকারের অধীনেই অনুষ্ঠিত হবে : হানিফ



**কুষ্টিয়া প্রতিনিধি :** আগামী জাতীয় সংসদ নির্বাচন সংবিধান অনুযায়ী বর্তমান সরকারের অধীনেই অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ।

গতকাল সোমবার কুষ্টিয়ার হরিপুরে গড়াই নদীর ভাঙ্গন পরিদর্শন ও তীর সংরক্ষণ কাজের উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

মাহবুব উল আলম হানিফ বলেন, বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়া ২০১৩ সালে যখন সরকার পতনের একদফা আন্দোলনের কর্মসূচি দিয়েছিলেন তারপর থেকে সেই একদফা কর্মসূচি তো আছেই। বিএনপি যতই আন্দোলন করুক লাভ হবে না। আগামী নির্বাচন সংবিধান অনুযায়ী বর্তমান সরকারের অধিনেই অনুষ্ঠিত হবে।

'আগামী ১২ জুলাই তারুণ্যের সমাবেশ থেকে সরকার পতনের এক দফা আন্দোলন কর্মসূচির ঘোষনা দেয়া হবে' বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের এ বক্তব্যের জবাবে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, এই এক দফার কর্মসূচিতো আমরা বহু দেখেছি। বাংলদেশে আমাদের কুটনৈতিক বিদেশী মেহমানরা আসছেন এইসব বিদেশী কুটনৈতিক মেহমানদের কাছে নিজেদের শো-ডাউনের মাধ্যমে ২-এর পাতায় দেখুন

## কুষ্টিয়ায় ৭ ডেঙ্গু রোগী সনাক্ত

**মোঃ হাবিবুর রহমান :** কুষ্টিয়ায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে। গেলো চারদিনে কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে সাতজন ডেঙ্গু আক্রান্ত রোগীর শনাক্ত হয়েছে। তারা সকলেই হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তবে ঈদের পর থেকে এ জেলায় ডেঙ্গু আক্রান্ত রোগী বৃদ্ধি পেয়েছে বলে খবর পাওয়া গেছে। আক্রান্ত ব্যক্তিরা স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে ও নিজ নিজ বাড়িতে চিকিৎসাধীন রয়েছেন।

সোমবার দুপুরে এ তথ্য নিশ্চিত করেছেন কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. তাপস কুমার সরকার। তিনি আরও বলেন, গেলো চারদিনে এই হাসপাতালে সাতজন ডেঙ্গু আক্রান্ত রোগী চিকিৎসাধীন রয়েছেন। ডেঙ্গু আক্রান্ত ব্যক্তিরা অনেকেই জেলার বাইরে থেকে আসা। আতঙ্কিত না হয়ে চিকিৎসকের পরামর্শ নিন। কুষ্টিয়ার সিভিল সার্জন ডা. এ এইচ এম আনোয়ারুল ইসলাম বলেন, ঈদের পর থেকেই ডেঙ্গু আক্রান্ত রোগীর সন্ধান মিলছে জেলায়। ডেঙ্গু একটি ভাইরাস জ্বর, এর থেকে সুস্থ হতে এন্টিবায়োটিক সেবনের কোনো প্রয়োজন নেই। জেনারেল হাসপাতাল এবং জেলার সকল উপজেলা ২-এর পাতায় দেখুন

## কলারোয়ার কিসমত ইলিশপুরে এক নির্মাণ শ্রমিকের মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** সাতক্ষীরা কলারোয়া উপজেলার কেরালকাতা ইউনিয়নের কিসমত ইলিশপুর গ্রামে জাহিদ হোসেন (২২) নামে এক নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে।

সোমবার সকাল সাড়ে ৮ টার সময় তার মৃত্যু হয়। মৃত জাহিদ হাচান কলারোয়া উপজেলার কিসমত ইলিশপুর গ্রামের আবুতালেব ছেলে।

জানা গেছে, মৃত জাহিদ হাচান প্রতিদিনের ন্যায় নির্মাণ কাজের জন্য ২-এর পাতায় দেখুন



## আলমডাঙ্গায় রান্নাঘর ও পায়খানা মিলেমিশে অস্বাস্থ্যকর পরিবেশ, বিখ্যাত বাবু ও মজিদ হোটেলকে জরিমানা

**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর হাইরোড ও কাচাবাজারে অভিযান পরিচালনা করে ৩ প্রতিষ্ঠানে ২৫ হাজার টাকা জরিমানা করেছে। সোমবার সকালে উপজেলার হাইরোড ও কাচাবাজার এলাকায় অভিযান পরিচালিত হয়। অভিযানে হোটেল, মিষ্টির কারখানা, কাচাবাজার, ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গায় বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন



**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গায় আলমডাঙ্গায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে আলমডাঙ্গার পাইলট সরকারি হাই স্কুল বিটিম মাঠে উপজেলা প্রশাসনের আয়োজনে এ খেলার উদ্বোধন করা হয়।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস'র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার নাথ, পৌর প্যানেল মেয়র মজিবুল হক, প্রানী সম্পদ কর্মকর্তা ডা ঃ আব্দুল্লাহিল কাফি, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার শামসুজোহা, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, একাডেমিক সুপারভাইজার ইমরুল হক, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, ইন্সপেক্টর রিসোর্স সেন্টার জামাল হোসেন, আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সভাপতি নাহিদ হাসান, সাধারণ সম্পাদক এন এইচ শাওন, ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তরিকুল ইসলাম, ২-এর পাতায় দেখুন

## বেনাপোল কাস্টমসে রাজস্ব ঘাটতি ১৮০ কোটি টাকা

**বেনাপোল প্রতিনিধি :** বেনাপোল কাস্টমসে গত ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব আদায় লক্ষ্যমাত্রার চেয়ে ১৮০ কোটি টাকা কম আদায় হয়েছে। গত অর্থবছরে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৫ হাজার ৯৬৬ কোটি টাকা। সেখানে আদায় হয়েছে ৫ হাজার ৭৮৬ কোটি টাকা। একই সমায়ে গত অর্থবছরের পণ্য আমদানি হয়েছে ২০ লাখ ৩৫ হাজার ৪৯৯ মেট্রিক টন।যা ২০২১-২২ অর্থবছরের চেয়ে এক লাখ ৪৩ হাজার ৯২১ মেট্রিক টন কম । বেনাপোল কাস্টমসের একটি সূত্রে এসব তথ্য জানা গেছে। কাস্টমস ও ব্যবসায়ীরা বলছেন, বর্তমানে ডলার সংকটের কারণে খাদ্যপণ্য ছাড়া অন্য পণ্য আমদানিতে ব্যাংক এলসি খুলছে ২-এর পাতায় দেখুন



## সুইডেনে কোরআন অবমাননার প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ

**নিজস্ব প্রতিবেদক :** সুইডেনে পবিত্র ধর্মগ্রন্থ আলকোরআন অবমাননা ও পোড়ানোর প্রতিবাদে ঝিনাইদহের কালীগঞ্জে প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।


সোমবার বিকেলে কালীগঞ্জ শহরের মেইন বাসস্ট্যান্ড এলাকায় প্রতিবাদ সমাবেশের আয়োজন করে ইমাম পরিষদ। প্রতিবাদ সমাবেশে কালীগঞ্জ ইমাম পরিষদের সভাপতি মুফতি মাহামুদুল হাসানের সভাপতিত্বে বক্তব্য রাখেন ঝিনাইদহ্৪ আসনের সংসদ সদস্য ২-এর পাতায় দেখুন

## গাংনীর সর্বত্র বিক্রি হচ্ছে এলপিজির গ্যাস সিলিন্ডার



**মেহেরপুর প্রতিনিধি:** আধুনিক যুগে মানুষের দৈনন্দিন জিবনে এক অবিচ্ছেদ্য অংশ হয়ে দাঁড়িয়েছে এলপিজি গ্যাস। চাহিদা বেড়ে যাওয়ায় মেহেরপুরের গাংনীর সর্বত্র বিক্রি হচ্ছে এলপিজির গ্যাস সিলিন্ডার। সরকারি নির্দেশনা অনুযায়ী দাহ্য পদার্থ বিক্রি করতে হলে ট্রেড লাইসেন্সের পাশাপাশি বিষ্ফোরক অধিদপ্তরের লাইসেন্স ও অগ্নিনির্বাপক কর্তৃপক্ষের ছাড়পত্র নেওয়ার বাধ্যবাধকতা আছে। কিন্তু মানা হচ্ছে না কোনো নিয়মনীতি। এতে বাড়ছে নানা ধরণের দুর্ঘটনা। তবে সংশ্লিষ্ট বিভাগ বলছে অভিযান চলছে এবং চলবে। পেট্রোলিয়াম মজুত আইন ২০১৮-তে বলা হয়েছে, কোনো পেট্রোলিয়াম মজুতাগার, স্থাপনা, ফিলিং স্টেশন, ড্রাম, ট্যাংক, শোধনাগার ও পরিবহন যানে 'ধূমপান বা আগুন নিষিদ্ধ' সতর্কবাণীসংবলিত সাইনবোর্ড বা লেবেল লাগাতে হবে। ২০০৪ সালের এলপিজি মজুত সংরক্ষণ আইনে বলা হয়েছে, ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে ভুল চিকিৎসায় রোগীর মৃত্যুর ঘটনায় ডা. সালাম কারাগারে



**মেহেরপুর প্রতিনিধি :** ভুল চিকিৎসায় রোগীর মৃতুকে কেন্দ্র করে আদালতের স্বপ্রনোদিত মামলায় মেহেরপুর দারুস সালাম ক্লিনিকের মালিক ডা. মোহাম্মদ আব্দুস সালামকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দিয়েছেন আদালত।

সোমবার দুপুরে মেহেরপুর সি-নয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২য় কোর্টের বিচারক মো: তরিকুল ইসলামের আদালতে জামিন আবেদন করলে বিজ্ঞ বিচারক তার জামিন না মুঞ্জুর করে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন। জানা গেছে, চলতি বছেরর ২২ জানুয়ারি সন্ধ্যায় মুজিবনগর উপজেলার ঢোলমারী গ্রামের মিলন হোসেনের স্ত্রী সুমাইয়া খাতুন দারুস সালাম ক্লিনিকে ভর্তি হন। রাত ১০টার দিকে ক্লিনিকের মালিক ডা. মোহাম্মদ আব্দুস সালাম অপারেশন শুরু করেন। তিনি একাই এনেসথেসিয়ার কাজ করেন। অপারেশন টেবিলেই সুমাইয়ার মৃত্যু হয়। এই ঘটনায় বিভিন্ন পত্রিকাতে সংবাদ প্রকাশিত হলে ৩০ জানুয়ারি মেহেরপুর সি-নয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১ম আদালতের ২-এর পাতায় দেখুন




## শৈলকুপায় ধর্ষকের ফাঁসির দাবিতে গ্রামবাসীর মানববন্ধন

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় ১ম শ্রেনীতে পড়ুয়া এক শিক্ষার্থী ধর্ষণের ঘটনায় ধর্ষক শাহমত খাঁ'কে গ্রেফতার ও ফাঁসির দাবিতে মানববন্ধন করেছে গ্রামবাসী। গতকাল দুপুরে উপজেলার সারুটিয়া ইউনিয়নের গোসাইডাঙ্গা গ্রামের কাতলাগাড়ী-লাঙলবাধ সড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এসময় গোসাইডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থী ও গ্রামের বিপুল সংখ্যক ২-এর পাতায় দেখুন




## যশোরে র‌্যাবের অভিযানে ১২ চোরাকারবারী আটক

**এস আর নিরব, যশোর :** যশোরে বিপুল পরিমান ভারতীয় প্রসাধনীসহ ১২ চোরাকারবারীকে আটক করেছে র‌্যাব-৬ যশোরের সদস্যরা। গত রোববার রাতে শহরের রেলস্টেশন এলাকার হরিজন পল্লিতে অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয়েছে। অভিযানে উদ্ধার হয়েছে ভারতীয় ২৪২ পিস বডি স্প্রে, ২০১১ পিস ফেইস ওয়াস, ৯৪ পিস তেল, ১হাজার ৬শ' ১৬ প্যাকেট শন পাপড়ী, ৫শ'২০ পিস মেহেদী, ২-এর পাতায় দেখুন

## যশোরের রেলগেটের প্রিয়া ও বিজলী ইয়াবাসহ আটক

**এস আর নিরব, যশোর :** যশোরের চিহ্নিত মাদক ব্যবসায়ী তৃষ্ণা আক্তার প্রিয়া ও বিজলী আক্তারকে আবারো ইয়াবাসহ আটক করেছে কোতোয়ালী থানা পুলিশ। রোববার শাহ আব্দুলকরীর রোড থেকে তাদেরকে আটক করেছে কোতোয়ালি থানার এসআই জয়বালা। এসময় তাদের কাছথেকে ৮০ পিছ ইয়াবা উদ্ধার করা হয়েছে। এঘটনায় কোতোয়ালি থানায় মামলার পর রোববার তাদেরকে আদালতে সোপর্দ করা হয়। বিচারক তাদেরকে কারাগারে পাঠানোর আদেশ দেন। প্রিয়া রেলগেট পশ্চিম পাড়ার মৃত আক্তার হোসেনের মেয়ে ও বিজলী একই এলাকার ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদার বীর মুক্তিযোদ্ধার স্ত্রী সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতার মায়ের ইন্তেকাল

**দামুড়হুদা প্রতিনিধি :** দামুড়হুদার বীর মুক্তিযোদ্ধার স্ত্রী, সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতার মা বার্ধক্য জনিত কারণে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গতকাল তিনি নিজবাসভবনে ইন্তেকাল করেন। মরহুমার জানাযার নামাজ রঘুনাথপুর গ্রামে অনুষ্ঠিত হয়। পরে গোরস্থানে সমাহিত করা হয়। দামুড়হুদার বীর মুক্তিযোদ্ধা, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি, হাওলি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মরহুম মোঃ শওকত আলীর স্ত্রী ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাওলি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান সহিদুল ইসলামের মা।

## পানির সংকটে ভোগান্তিতে রাজধানীবাসী



**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর বেশিরভাগ এলাকায় দেখা দিয়েছে পানির তীব্র সংকট। রাজধানী ঢাকায় যে পরিমাণ পানির চাহিদা রয়েছে তার থেকে অনেক বেশি পানি উৎপাদনের সক্ষমতা রয়েছে ওয়াসার। কিন্তু তার পরেও দিন দিন পানির সংকট দেখা দিচ্ছে। ওয়াসা বলছে, আগের তুলনায় উৎপাদন কিছুটা কমেছে এবং প্রচণ্ড গরমের কারনে পানির চাহিদা বেড়ে যাওয়ায় বর্তমানে এ সংকট তৈরি হচ্ছে। ওয়াসার দৈনিক পানির উৎপাদন সক্ষমতা ২৬০ কোটি লিটার। ঢাকা শহরে ২১০ থেকে ২৪৫ কোটি লিটার পর্যন্ত চাহিদা থাকে। প্রতিদিন পানি উৎপাদিত হয় ১০ শতাংশেরও বেশি। বিভিন্ন এলাকায় পানির পাইপ এবং পাম্প নষ্ট থাকায় এই বাড়তি পানি খুব বেশি কাজে আসে না স্থানীয়দের। ঢাকা ওয়াসা জানায়, প্রচণ্ড গরমের কারণে পানির চাহিদা স্বাভাবিক সময়ের তুলনায় বেড়েছে।




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# সরকারি ওয়েবসাইটগুলো সুরক্ষিত হোক

সাইবার হামলার ঝুঁকিতে রয়েছে সরকারি সংস্থা ও দপ্তরের বেশির ভাগ ওয়েবসাইট। সাইবার হামলা ঠেকাতে নিরাপত্তা যথেষ্ট নয়- এমন খবর গণমাধ্যমে বারবার এসেছে। কিন্তু কর্তৃপক্ষ কতটা সচেতন হয়েছে? গত শুক্রবার যুক্তরাষ্ট্রের প্রযুক্তিবিষয়ক অনলাইন বার্তা সংস্থা টেকক্রাঞ্চের এক প্রতিবেদনে দাবি করা হয়েছে, সরকারের একটি ওয়েবসাইট থেকে কয়েক লাখ নাগরিকের ব্যক্তিগত তথ্য 'ফাঁস' হয়েছে। যেখানে অনেকের পুরো নাম, ফোন নম্বর, ই-মেইল ঠিকানা ও জাতীয় পরিচয়পত্রের নম্বরও রয়েছে। এদিকে গতকাল রোববার তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, সরকারি কোনো ওয়েবসাইট হ্যাক হয়নি। ওয়েবসাইটটির দুর্বলতার জন্য নাগরিকদের তথ্য উন্মুক্ত ছিল। সমস্যাটি সমাধানের চেষ্টা চলছে। অরক্ষিত ওয়েবসাইটের কারণে এমন অবস্থা এটা স্পষ্ট। এ ফাঁসের ঘটনায় আবার প্রমাণ হলো, সরকারি প্রতিষ্ঠানগুলোর ওয়েবসাইটের নিরাপত্তা ব্যবস্থা দুর্বল। প্রশ্ন উঠছে, সাইবার নিরাপত্তা নিয়ে। কয়েক বছর ধরে সরকারি ও আর্থিক প্রতিষ্ঠানে সাইবার হামলার ঘটনা ঘটছে। কিন্তু নিরাপত্তার বিষয়ে কর্তৃপক্ষ তেমন দায়িত্বশীল নয়। গত মার্চে সাইবার হামলায় বিমান বাংলাদেশের কর্মীদের ব্যক্তিগত তথ্যসহ নানা গুরুত্বপূর্ণ তথ্য বেহাত হয়েছে। এসব তথ্যের জন্য ৫০ লাখ ডলার দাবি করে হ্যাকার গ্রুপ। যদিও আক্রান্ত হওয়ার আগেই গত ১৪ মার্চ বিমানকে সম্ভাব্য হামলার বিষয়ে সতর্ক করে সার্ট। কিন্তু বিমান কোনো ব্যবস্থা নেয়নি। ২০১৬ সালে হ্যাকিংয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে ১০ কোটি ১০ লাখ ১ হাজার ৬২৩ ডলার চুরি হয়। এরপর সরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটের নিরাপত্তা নিয়ে কিছু তোড়জোড় হলেও কার্যকর কিছু হয়নি। সাইবার নিরাপত্তা নিয়ে কাজ করা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রকল্প বিজিডি ই-গভ সার্ট বিষয়টি নিয়ে শনিবার রাতে এক বিজ্ঞপ্তিতে বলেছে, একটি আন্তর্জাতিক সংবাদমাধ্যমে বাংলাদেশের লাখ লাখ নাগরিকের ব্যক্তিগত তথ্য ফাঁসের খবর নজরে আসার পর এ বিষয়ে কাজ শুরু করে সার্ট টিম। সাইবার স্পেসে তথ্যের নিরাপত্তা নিশ্চিত করতে কিছু ব্যবস্থা নেয়ার কথা সংবাদ বিজ্ঞপ্তিতে বলেছে সার্ট, যার মধ্যে রয়েছে- সাইবার হুমকি মোকাবিলায় নিজেদের সক্ষমতা বাড়ানো; ডিএনএস, এনটিপির মতো গুরুত্বপূর্ণ সেবা এবং নেটওয়ার্ক মিডলবক্সের নিরাপত্তা নিশ্চিত করা এবং সেগুলো যেন ইন্টারনেটে উন্মুক্ত না থাকে তা নিশ্চিত করা; সাইবার নিরাপত্তার বিষয়ে সচেতনতা গড়ে তুলতে কর্মী, গ্রাহক ও সেবাগ্রহীতাদের সচেতনতামূলক প্রশিক্ষণের আওতায় আনা; নেটওয়ার্ক ও ব্যবহারকারীদের ওপর ২৪ ঘণ্টা নজরদারি নিশ্চিত করা; 'দ্য ওপেন ওয়ার্ল্ডওয়াইড অ্যাপ্লিকেশন সিকিউরিটি প্রজেক্ট' ওয়েব অ্যাপ্লিকেশনগুলো কনফিগার ও শক্তপোক্ত করা উল্লেখযোগ্য। সুপারিশগুলো সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গুরুত্ব দিয়ে বিবেচনায় নিতে পারে। উপরোক্ত ঘটনায় যদি কোনোভাবে তথ্য ফাঁস হয়ে থাকে, তাহলে অবশ্যই এটি চরম ঝুঁকির ব্যাপার। এটি আমাদের সংবেদনশীল ব্যক্তিগত তথ্য। তথ্য বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে ব্যবহৃত হতে পারে। অবশ্যই তদন্ত করা দরকার। দায়ীরা কোনোভাবেই ছাড় যেন না পায়। পাশাপাশি প্রযুক্তির ব্যবহারে সব সময় সতর্ক থাকতে হবে। সরকারি সাইটগুলো সব সময় হ্যাকারদের খুব পছন্দের টার্গেট। এই সাইটগুলো নিয়মিত পরিচর্যা হয় না। সিকিউরিটি আপডেট করার প্রক্রিয়া ঠিকঠাক নেই। অতএব আপ টু ডেট রাখতে হবে নিরাপত্তা ব্যবস্থাও।

## স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ব্যবসায়ী

উপস্থিত চুয়াডাঙ্গার কৃতি সন্তান, এফবিসিসিআই ভাইস প্রেসিডেন্ট, মিনিস্টার-মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান এম এ রাজ্জাক খান রাজ এই প্রতিবেদককে বলেন, 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ব্যবসায়ী সম্মেলন'-শীর্ষক এই অনুষ্ঠান উপলক্ষ্যে গতকাল রোববার এফবিসিসিআইয়ের অধিভুক্ত সকল চেম্বার এবং অ্যাসোসিয়েশনের প্রধানদের নিয়ে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।

সভায় এফবিসিসিআই সভাপতি মো. জসিম উদ্দিন বলেন, বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রার শুরু থেকেই গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে দেশের বেসরকারি খাত। দেশের ৮২ ভাগ ব্যবসা বাণিজ্য আসে বেসরকারি খাত থেকে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বেসরকারি খাত কি ভূমিকা রাখবে সেসব বিষয় নিয়ে প্রধানমন্ত্রীর সাথে আলোচনা হবে সম্মেলনে।

এসময় তিনি বলেন, করোনাকালীন সৃষ্ট সংকট অনেকখানি কাটিয়ে ওঠা গেলেও ইউক্রেন রাশিয়া যুদ্ধের কারণে বাংলাদেশসহ সারা বিশ্বের অর্থনীতি কঠিন সময় অতিক্রম করছে। এই কঠিন সময় অতিক্রম করার জন্য সরকারি ও বেসরকারি খাত একসঙ্গে কাজ করছে।

বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ সক্ষমতাকে বিশ্ব দরবারে পরিচিত করার প্রয়াস হিসেবে বাংলাদেশ বিজনেস সামিট আয়োজন করা হয় বলে উল্লেখ করেন মো. জসিম উদ্দিন।

তিনি বলেন, বাংলাদেশ বিজনেস সামিটের প্রাপ্তি নিয়ে আমরা একটি বই বের করছি। ব্যবসায়ী সম্মেলনে প্রধানমন্ত্রীর নিকট কাছে এই বই হস্তান্তর করা হবে। এছাড়া সামিটে অংশ নেওয়া বিশেষজ্ঞদের মতামত এবং সামিটে আলোচনা হওয়া সুপারিশ ও পলিসিগুলো সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পৌছে দেওয়া হবে।

দেশের অর্থনীতিকে এগিয়ে নিয়ে বেসরকারি খাতের গুরুত্ব তুলে ধরার পাশাপাশি সম্মেলনে ব্যবসায়ীদের সমস্যার বিষয়াদি প্রধানমন্ত্রীর সামনে তুলে ধরা হবে বলে জানান ব্যবসায়ী নেতৃবৃন্দ।

সভায় অন্যান্যের মধ্যে এফবিসিসিআই-এর সিনিয়র সহ-সভাপতি মোস্তফা আজাদ চৌধুরি বাবু, সাবেক সিনিয়র সহ-সভাপতি মোহাম্মদ আলী, মনোয়ারা হাকিম আলী, বর্তমান সহ-সভাপতি এম এ মোমেন, আমিনুল হক শামিম, আমিন হেলালী, হাবিব উল্লাহ ডন, এম এ রাজ্জাক খান, ফরেন ইনভেস্টর্স চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি নাসের এজাজ বিজয়, ঢাকা চেম্বারের সভাপতি সামির সাত্তার, বাংলাদেশ দোকান মালিক সমিতির সভাপতি হেলাল উদ্দিনসহ এফবিসিসিআই অধিভূক্ত চেম্বার ও অ্যাসোসিয়েশনের প্রধানরা উপস্থিত ছিলেন।

## শৈলকুপা উপজেলা স্বাস্থ্য

সাবেক কমান্ডার মনোয়ার হোসেন মালিথা, প্রেসক্লাব সভাপতি এম হাসান মুসা প্রমূখ। সভায় কমিটির সভাপতি বর্তমান সরকারের স্বাস্থ্য সুরক্ষা ও চিকিৎসা সেবা মানুষের দোরগোড়ায় পৌছাতে যে সকল উন্নয়ন করে চলেছে সেগুলো সম্পর্কে সকলকে জানাতে গ্রামে গ্রামে মা সমাবেশসহ বিভিন্ন প্রচারমুখী কাজ করার আহবান জানান। এ ছাড়া হাসপাতালে সাধারন মানুষ যেন সুচিকিৎসা পায় সেজন্য সকলকে আন্তরিকতার সাথে কাজ করতে নির্দেশনা দেন। স্বাগত বক্তব্য প্রদান করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার রাশেদ আল মামুন।

## শৈলকুপার মনোহরপুর ইউনিয়ন

উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নাসির খা, মনোহারপুর ইউনিয়নের চেয়ারম্যান ও সাবেক ছাত্রলীগ নেতা জাহিদুল ইসলাম (জাহিদ), মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রশীদ,

উপজেলা কৃষক লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদুননবী( কালু), উপজেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ও ইউপি সদস্য মতিয়ার রহমান, উপজেলা সেচ্ছাসেবক লীগের সভাপতি জুয়েল পারভেজ কর্ণেল উপজেলা ছাত্র লীগের সভাপতি মিশন হোসেন, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক বাবু হোসেন সহ ইউনিয়ন আওয়ামী লীগ ও তার সহোযগী সংগঠনের প্রায় ৪/৫ হাজার নেতা কর্মী।

প্রধান অতিথির বক্তব্যে আব্দুল হাই এমপি বলেন, শৈলকূপার মানুষের ভাগ্য উন্নয়নে আমি ৬০ বছর দিন রাত কাজ করে যাচ্ছি। আমি শৈলকুপার মানুষের জন্য নিজের জীবনকে বিলিয়ে দিয়েছি। শৈলকুপায় জনগণের নিকট ভোট পাওয়া আমার অধিকার। আগামী নির্বাচনে আবারো নৌকা প্রতিকে ভোট দেওয়ার আহ্বান জানান তিনি।

## কালীগঞ্জ উপজেলা আইনশৃংখলা

পালন করতে হবে। তিনি এ থানায় সদ্য যোগদানকারী ওসিকে নিষ্টার সাথে দ্বায়িত্ব পালনে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। এছাড়া সরকারী মাহতাব উদ্দিন কলেজে সৃষ্ট শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে দ্রুত পদক্ষেপ গ্রহন এবং মাদক ও বাল্য বিয়ে রোধে সকলকে এগিয়ে আসার আহব্বান জানান।

সদ্য যোগদানকারী থানায় ওসি মাহবুবুর রহমান তার প্রথম আইনশৃংখলা কমিটির সভাতে সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে বলেন, মাদককে ছাড় দেওয়া হবে না। এ উপজেলাকে শতভাগ মাদকমুক্ত করতে চাই। আমার দ্বায়িত্ব গ্রহনের পর প্রায় ১ মাসের মধ্যে মাদক ব্যাবসায়ী ও সেবীদের আটক সহ ৬ টি মাদক মামলা রুজু করেছি। আপনাদের সহযোগিতা পেলে সকল অপরাধ দমন সহ আইনশৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সক্ষম হব।

সভায় উপস্থিত সদস্যদের মধ্যে আরো বক্তব্য রাখেন, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি জামির হোসেন, ইউপি চেয়ারম্যান মহিবুল ইসলাম মন্টু, নাছির চেন্ধুরী ও নজরুল ইসলাম রিতু, সাংবাদিক নয়ন খন্দকার ফায়ার সার্ভিস কর্মকর্তা শেখ মামুনুর রশিদ ও মহিলা বিষয়ক কর্মকর্তা তাসলিমা বেগম প্রমুখ। সভাতে উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানের প্রধানগন উপস্থিত ছিলেন।

## জাতীয় শিশু সপ্তাহে ঝিনাইদহ

সালের প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হয়। দুই বৎসরে খেলা আলাদা আলাদা ভাবে অনুষ্ঠিত হয়। আর দুটি প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করে কৌশিক। সে ঝিনাইদহ সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের ৮ম শ্রেণীর প্রভাতী শাখার ছাত্র। কৌশিক সকলের নিকট দোয়া প্রার্থী।

## কোটচাঁদপুরে মসজিদ কমিটির

গোলাম রসুল বলেন, আবুল ফজল তমালের বাড়ির পাশে পুকুর রয়েছে। যার মালিক ১৫ থেকে ২০ জন। পুকুরটি ভরাট হয়ে গেছিলো প্রায়। আবুল ফজল তমাল বাড়ির সৌন্দর্য বৃদ্ধির জন্য রাতারাতি ওই পুকুর তিনি সংস্কার করেছেন।

গোলাম রসুল অভিযোগ করে বলেন, জমি আমার কিন্তু তমাল জোরকরেই আমার জমির খনন করেছে। তাকে বাঁধা দিলেও তিনি কোন কথা শোনেনি। আমার জমির পুকুর তিনি কিভাবে খনন করলো।

হাসান লস্কর নামের এক প্রবাসী অভিযোগ করে বলেন, আবুল ফজল তমাল এলাকায় প্রভাবশালী হওয়ায় তার বিরুদ্ধে কেউ কথা বলতে সাহস পায় না। মসজিদের নাম ভাঙিয়ে তিনি পুকুর খনন করেছে। সেই পুকুরে তারকাঁটা দিয়ে ঘিরে দিয়েছে। জমি আমাদের কিন্তু ভোগদখল করছেন তিনি। কিছু বলতে গেলে তার লোকজন আমাদের মারধর করতে আসে। আবুল ফজল তমাল শুধু পুকুর না শরিকানা জমি দখল করে গোডাউন নির্মাণ করেছে। এছাড়াও সরকারি জমি দখল করে তিনি ঘর তৈরী করছেন।

এ ব্যাপারে আবুল ফজল তমাল বলেন, পুকুরটি অনেক শরিক। অনেক আগে সকল শরিকরা পুকুরটি মসজিদের নামে দিয়ে দেয় মৌখিক ভাবে। এজন্য পুকুর খনন করা হয়েছে। পুকুরের জমির মালিকরা খননে বাঁধা দিয়েছেন তারপরও কেন খনন করলেন? এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, তাদের জন্য তো আর পুকুর খনন ফেলে রাখা যায় না।

এ ব্যাপারে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মেঁ বলেন, এটা পাবলিক মালিকানাধীন পুকুর। সরকারি পুকুর হলে হয়তো আমি ব্যবস্থা নিতে পারতাম। তবে ভুক্তভোগীদের প্রতি পরামর্শ তারা যে আদালতের দ্বারস্থ হন।

## কালীগঞ্জে স্বামী সন্তানের অধিকার

স্বামী বিদেশ থেকে বাড়ি ফিরে আসে। বাড়ি এসে গোপনে গাাজীপুরের কাপাশিয়ায় দ্বিতীয় বিয়ে করে। দ্বিতীয় বিয়ের পর ঘটনাটি জানাজানি হলে শাপলা খাতুনকে তালাক দেয়। এরপর শাপলা

স্বামী সন্তানের অধিবকার ও পাওনা দেনমোহর এবং বিদেশ যাওয়ার সময় ৫ লাখ ৩৫ হাজার টাকা ফেরত পাইবার জন্য মামলা করে। মামলা করার প্রায় চার বছর অতিবাহিত হলে কোন বিচার পাইনি শাপলা।

শাপলা খাতুন জানান, আমাার স্বামী বিদেশ যাওয়ার সময় বাবার বাড়ির গরু ছাগল বিক্রি করে এবং জমি বন্ধক রেখে ৫ লাখ ৩৫ হাজার টাকা প্রদান করা হয়। বিদেশ থেকে ফিরে আমাকে না জানিয়ে অন্যত্রে বিয়ে করে। বিসয়টি জানাজানির পর আমি প্রতিবাদ করলে আমাকে তালাক দেয়। আমি আমার পাওনাা টাকা ও সন্তানের অধিকার ফিরে পেতে চাই।

## ডিউটি হাসপাতালে রোগী দেখেন

পারভেজ। আবার ডিউটি চলাকালীন সময়ে পার্শবর্তী একটি ক্লিনিকে গিয়ে রোগী দেখেন তিনি। এতে চরম ক্ষুব্ধ হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীসহ রোগী ও তাদের স্বজনরা।

খোঁজ নিয়ে জানা যায়, ডা: মাহবুবুল আলম পারভেজ শৈলকুপার উমেদপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের সহকারী সার্জন হিসেবে কর্মরত থাকলেও সেখানে কোনদিনও যাননি। অনেকটা গায়ের জোরে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বসেন। গ্রামের মানুষের সেবা দেওয়ার জন্য ইউনিয়নে যান না তিনি।

নাম প্রকাশে অনিচ্ছুক শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এক চিকিৎসক অভিযোগ করেন, ডা: মাহবুবুল আলম পারভেজ

হাসপাতালে যোগদান করার পর থেকে নিজের ইচ্ছেমত সেবা দিচ্ছেন। হাসপাতালে ডিউটি থাকলেও তিনি পার্শবর্তী একটি ক্লিনিকে গিয়ে রোগী দেখেন। গুরুতর অনেক রোগী ফেলে রেখে তিনি ওখানে বসে থাকেন। এছাড়াও গত জানুয়ারী মাস থেকে জুন মাসের শেষ পর্যন্ত ১৮১ দিনের মধ্যে তিনি ৯০ দিনই হাসপাতালে দেরিতে এসেছেন। হাসপাতালের ডিজিটাল হাজিরা রিপোর্টে দেখা যায় সকাল ৮ টায় অফিস শুরু হলেও তিনি আসেন সকাল ১০ টা বা তার পরে। নির্ধারিত সময়ের পরে এসে হাজিরা দিয়ে আবার চলে যান ক্লিনিকে।

খোঁজ নিয়ে জানা যায়, দ্বায়িত্ব অবহেলার কারণে ডা: মাহবুবুল আলম পারভেজ'র শাস্তিমুলক বদলি করা হয়। ২০২২ সালের ২৮ মার্চ মহামারী করোনার সময় সারাদেশে গণটিকা কার্যক্রমের দিন তার দ্বায়িত্ব ধলহরাচন্দ্র ইউনিয়নে থাকলেও তিনি সেখানে না গিয়ে একটি প্রাইভেট ক্লিনিকে অপারেশন করেন। বিষয়টি নিয়ে ওই সময় পত্রিকায় সংবাদ প্রচার হলে তদন্ত কমিটি গঠন করে স্বাস্থ্য বিভাগ। এতে দোষী প্রমাণিত হলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয় কর্তৃপক্ষ। বদলি করে দিলেও উর্দ্ধতন কর্তৃপক্ষকে ম্যানেজ করে আবারো শৈলকুপায় এসেছেন তিনি।

অনিয়মের ব্যাপারে ডা: মাহবুবুল আলম পারভেজ বলেন, আমি তো ঝিনাইদহ থাকি। অনেক সময় গাড়ীতে আসতে একটু দেরি হয়। আপনার বিরুদ্ধে অনিয়মের অপরাধে ব্যবস্থা নেওয়া হয়েছিলো এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, সেটা তো পুরাতন কথা।

শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রাশেদ আল মামুন বলেন, ডা: মাহবুবুল আলম পারভেজ নিয়মনীতি উপেক্ষা করে বাইরে প্র্যাকটিস করেন। তাকে কিছু বলতে গেলে তিনি কোন কথা শোনেন না। এ বিষয়ে আমি সিএস স্যারকে জানিয়েছি। তিনিই ব্যবস্থা নিবেন।

এ ব্যাপারে সিভিল সার্জন ডা: শুভ্রা রানী দেবনাথ বলেন, ডা: মাহবুবুল আলম পারভেজ অনিয়ম করেছেন এমন অভিযোগ পেয়েছি। এ ঘটনায় তদন্ত টিম গঠন করা হয়েছে। তদন্তে প্রমাণিত হলে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

## প্রধানমন্ত্রী ফেলোশিপ অ্যাওয়ার্ড

অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফয়জেল হক স্যারের কনিষ্ঠ কণ্যা মেরিনা জামান ইনা (Merina Zaman Ina) প্রধানমন্ত্রী ফেলোশিপ অ্যাওয়ার্ড ২০২৩-২৪ পান। বর্তমানে তিনি সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হিসেবে দায়িত্ব পালন করছেন।

## সুযোগ পেলে প্রতিবন্ধীরাও অর্থনৈতিক

চেয়ারম্যান ময়জদ্দীন হামীদ,উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশী, পৌর মেয়র আব্দুর রশিদ খাঁন, উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম,সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটনসহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বৃন্দ প্রমুখ।

মহেশপুর উপজেলার বিভিন্ন এলাকা থেকে আসা ১০ জন দু:স্থ, অসহায় ও গরীব প্রতিবন্ধীর হাতে নগদ অর্থ ও হুইল চেয়ার তুলে দেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

## কলারোয়ার কিসমত ইলিশপুরে

উপজেলার বাগআঁচড়া গ্রামের মোঃ কামরুল ইসলামের বাড়িতে যায়। সেখানে কাজ করার সময় ঘরের ছামসেড ভেঙে চাপা পড়ে ঘটনা স্থালে তার মৃত্যু হয়। জাহিদের এমন অকাল মৃত্যুতে তার পরিবার ও এলাকা মানুষের মাঝে শোকের ছাঁয়া নেমে এসেছে। তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন শার্শা থানার অফিসার ইনচার্জ এস এম আকিকুল ইসলাম।

## কুষ্টিয়ায় ৭ ডেঙ্গু রোগী সনাক্ত

স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে ডেঙ্গু শনাক্ত এবং চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা রয়েছে। তাই ডেঙ্গু জ্বর হলে আতঙ্কিত না হয়ে চিকিৎসকের পরামর্শ নিতে হবে। তিনি আরও বলেন, ডেঙ্গু প্রতিরোধে ঘুমানোর সময় মশারি ব্যবহার ও মশার বংশবিস্তাররোধ করা প্রয়োজন। পরিত্যক্ত পাত্র, ফুলের টব বা ডাবের খোসায় জমে থাকা পরিষ্কার পানিতে এডিস মশা ডিম পাড়ে। এ কারণে অযথা কোনো পাত্রে পানি জমতে দেওয়া যাবে না। একই সাথে বাড়ির আশপাশ পরিষ্কার রাখতেও পরামর্শ দেন তিনি।

## ডাঃ তানভীর আহমেদ ইসলামী

করেন। তিনি ২০২৩ সালে পিএইচএ প্রোগ্রামের অধীনে মার্কিন যুক্তরাষ্ট্রে পর্যবেক্ষক ফেলোশিপ বৃত্তি লাভ করেন। জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার এবং জার্নালে তার ৩০ টিরও বেশি প্রেজেন্টেশন এবং প্রকাশনা রয়েছে। তিনি যুক্তরাষ্ট্র, দক্ষিণ কোরিয়া ও ভারতে গুরুত্বপূর্ণ কোর্সসহ দেশ-বিদেশের বিভিন্ন কর্মশালা এবং প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কার্ডিয়াক সোসাইটি, বাংলাদেশ সোসাইটি অব কার্ডিয়াক ইন্টারভেনশন ও বাংলাদেশ ইকোকার্ডিওগ্রাফিক সোসাইটির আজীবন সদস্য। এছাড়াও তিনি বাংলাদেশ হার্ট ফেইলিউর অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশনের যুগ্ম সচিব এবং আইপিডিআই (ইন্টারেক্টিভ প্রফেশনাল ডেভেলপমেন্ট ইনিসিয়েটিভস) ফাউন্ডেশনের বোর্ড সদস্য।

## খুলনা বিভাগের অতিরিক্ত বিভাগীয়

হয়। বর্তমানে তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্মসচিব হিসেবে কর্মরত আছেন।

## চুয়াডাঙ্গাসহ আরও ৮ জেলায় ডিসি

ও চুয়াডাঙ্গায় নতুন ডিসি নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের উপসচিব মো. শামীম হাসানকে মেহেরপুর, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক আব্দুল্লাহ আল খায়রুমকে শেরপুর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপসচিব মো. ইমরান আহমেদকে জামালপুর, মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব মো. আবু জাফর রিপনকে মুন্সীগঞ্জের ডিসি হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

এ ছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব মোহাম্মদ মোবাশ্বের হাসানকে রংপুর, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব রেহেনা আকতারকে মানিকগঞ্জ, প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক মো. মাহমুদুল হককে নারায়ণগঞ্জ এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উপসচিব ড. কিসিঞ্জার চাকমাকে চুয়াডাঙ্গার ডিসি নিয়োগ দেওয়া হয়েছে।

আরেক আদেশে আট জেলায় দায়িত্ব পালনকারী ডিসিদের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে বদলি করে আনা হয়েছে।

চুয়াডাঙ্গার ডিসি মোহাম্মদ আমিনুল ইসলাম খানকে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, মানিকগঞ্জের ডিসি মুহম্মদ আব্দুল লতিফকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরপুরের ডিসি সালেহা আক্তারকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, রংপুরের ডিসি ড. চিত্রলেখা নাজনীনকে জনপ্রশাসন মন্ত্রণালয়, জামালপুরের ডিসি শ্রাবন্তী রায়কে খাদ্য মন্ত্রণালয় এবং মেহেরপুরের ডিসি মোহাম্মদ আজিজুল ইসলামকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে বদলি করে আনা হয়েছে।

এর আগে, দুই দফায় ২০ জেলায় নতুন ডিসি নিয়োগ দেওয়া হয়। গত ৬ জুলাই ঢাকা, রাঙ্গামাটি, বান্দরবান, টাঙ্গাইল, পাবনা, শরীয়তপুর, লক্ষীপুর, কুমিল্লা, ফেনী ও গাজীপুরে এবং ৯ জুলাই বরগুনা, যশোর, হবিগঞ্জ, বাগেরহাট, বরিশাল, ভোলা, নেত্রকোনা, পটুয়াখালী, সিলেট ও কুষ্টিয়া জেলায় নতুন ডিসি নিয়োগ দেয় সরকার।

## আগামী নির্বাচন বর্তমান সরকারের

শক্তি ও সাংগঠনিক অবস্থা জাহির করার জন্য তারা ১২ তারিখে একটা কর্মসূচি দিয়ে স্টান্ডবাজী করছেন।

তিনি বলেন, বিএনপির মূল ভরসার জায়গা হচ্ছে বিদেশী ষড়যন্ত্র। কারণ দেশের জনগনের সাথে বিএনপির কোন সম্পর্ক নাই, দেশের জনগনও তাদের পক্ষে নাই। দেশের জনগন যদি পক্ষে না থাকে তাহলে কোন আন্দোলনও সফল হয়না। এই কথা আমরা বহুবার বলেছি, এটা বিএনপিও জানে। জানে বলেই তাদের এখন মূল ভরসার জায়গা বিদেশী ষড়যন্ত্রের ওপরে।

জেলার নদী ভাঙ্গন প্রসঙ্গে হানিফ বলেন, পদ্মা ও গড়াই নদীর ভাঙ্গন প্রতিরোধে স্থায়ী প্রকল্প গ্রহণ করা হচ্ছে। পরে সেখানে সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন হানিফ। এসময় কুষ্টিয়া ৪ আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ, মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিনসহ দলীয় নেতাকর্মী ও পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## আলমডাঙ্গায় রান্নাঘর ও পায়খানা

মুদিখানাসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় থানা মোড় হাইরোডে মেসার্স বাবু হোটেল ও দই মিষ্টির কারখানায় তদারকিতে অস্বাস্থ্যকরভাবে দই মিষ্টি ও খাবার তৈরি একই ফ্রিজে কাচা মাছ মাংশের সাথে রান্না করা রেডি খাবার সংরক্ষণ ও দইয়ের মেয়াদ মুল্য ইত্যাদি না দেয়ার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক জাহাঙ্গীর হোসেনকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।অপর একটি প্রতিষ্ঠান মেসার্স মজিদ হোটেল এর মালিক জীবন মাহমুদকে হোটেলে কর্মচারীদের স্বাস্থ্যবিধি না মানা, টয়লেটে সাবান বা হ্যান্ডওয়াস ব্যবহার না করাসহ অস্বাস্থ্যকরভাবে খাবার তৈরি ও পরিবেশনের অপরাধে ৭ হাজার জরিমানা করা হয়। পরবর্তীতে কাচাবাজারে মরিচসহ সবজি ও মুদিদোকান তদারকি করা হয়। এসময় মেসার্স মিলন স্টোরের মালিক শ্রী মিলন দে কে যথাযথভাবে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার ৩ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ। অভিযানে আলমডাংগা পৌর স্যানিটারি ইন্সপেক্টর মাহফুজুর রহমান ও এস আই আমিনুল ইসলামসহ পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

## আলমডাঙ্গায় বঙ্গবন্ধু জাতীয়

বাড়াদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তবারক হোসেন। উদ্বোধনী খেলা শুররু হওয়ার আগে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস দু দলের খেলোয়াড়দের মাঝে জার্সি উপহার দেন।

## বেনাপোল কাস্টমসে রাজস্ব ঘাটতি

না। এতে ব্যবসায়ীরা চাহিদা অনুযায়ী পন্য আমদানি করতে পারেনি।

বন্দর ব্যবহারকারী বিভিন্ন সংগঠনের নেতা ও ব্যবসায়ীরা বলেন,কাস্টসম ও বন্দরের নানা রকম হয়রানি আর বন্দর অব্যবস্থাপনার কারণে অনেক ব্যবসায়ী বেনাপোল বন্দর ছেড়ে অন্য বন্দরে চলে গেছে। অভিযোগ রয়েছে কাস্টমস ও বন্দরের কর্মকর্তাদের নানা অনিয়মের কারণে গত ১০ বছর ধরে বেনাপোল কাস্টম লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় করতে পারেনি। গত কয়েক মাস ধরে ব্যাংকগুলো এলসি খুলছেনা। এতে আমদানির সাথে জড়িত হাজার হাজার ব্যবসায়ী অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন।

বেনাপোল সিঅ্যান্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি শামসুর রহমান বলেন, যোগাযোগ ব্যবস্থা সহজ হওয়াতে দুই দেশের ব্যবসায়ীদের বেনাপোল দিয়ে বাণিজ্যে আগ্রহ বেশি। তবে বর্তমানে ডলার সংকটের কারণে সরকার এলসিতে শতভাগ মার্জিন শর্ত দিয়েছে। আবার ব্যাংকগুলো ডলার সংকট দেখিয়ে এলসি খুলছে না। যেকারণে গত বছরে বেনাপোল বন্দর দিয়ে পন্য আমদানি কমে গেছে। ডলার সংকট কেটে গেলে আমদানির হার বেড়ে যাবে।

বেনাপোল কাস্টমস হাউজের যুগ্ম কমিশনার সাফায়েত হোসেন জানান, ডলার সংকটে ব্যবসায়ীরা ব্যাংক থেকে এলসি খুলতে পারছেনা। যেকারণে পণ্য আমদানি কমে গেছে। আর আমদানি কমলে আমাদের রাজস্ব আয়ও কমে যায়। তারপরও আমাদের রাজস্ব আদায়ের প্রবৃদ্ধি ২৮ শতাংশ। ঈদের ছুটির কারণে জুন মাসের কয়েকদনি বন্ধ ছিল। যেকারণে লক্ষ্যমাত্রার চেয়ে কিছুটা কম রাজস্ব আদায় হয়েছে। আমাদের এখানে কোন হয়রানি হয়না বলে তিনি দাবি করেন।

## সুইডেনে কোরআন অবমাননার

আনোয়ারুল আজীম আনার, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম, ওসমান গনি, ফারুক নোমানী, কাজী নুরুন নবীসহ অন্যান্যরা।

প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, যারা পবিত্র আলুকোরআনের অবমাননা করেছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই। কোরআনের অবমাননা কোন মুসলমান মেনে নিবে না। এছাড়াও বাংলাদেশে সাধারণ মানুষকে সুইডেনের পন্য না ক্রয় করার অনুরোধ জানানো হয়। এরপর আছরের নামাজের পর কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে আবার একই স্থানে গিয়ে শেষ হয়।

## শৈলকুপায় ধর্ষকের ফাঁসির দাবিতে

নারী-পুরুষ অংশ নেয় এ মানববন্ধনে।

গ্রামবাসী জানান, গত ৩ জুলাই দুপুরে নদীতে মাছ ধরতে যায় নিপীড়নের শিকার ওই শিক্ষার্থী। মাছ ধরে ফেরার পথিমধ্যে পথরোধ করে বৃদ্ধ শাহমত খাঁ। পরে ভয়ভীতি দেখিয়ে জোরপূর্বক শিক্ষার্থীকে পাশেই ঝোড়ে নিয়ে শারীরিক নিপীড়ন চালায়। পরে শিক্ষার্থী বাড়িতে এসে পরিবারের কাছে ঘটনাটি খুলে বলে। এঘটনায় মেয়েটি অসুস্থবোধ করলে বিকালে উপজেলা স্বাস্থ্য কমপে-ক্সে ভর্তি করে। পরে শিক্ষার্থীর অবস্থার অবনতি ঘটলে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। এমন ন্যাক্কারজনক ঘটনায় মানসিক বিপর্যস্তে শিক্ষার্থীর মা ইন্তেকাল করেছেন। গ্রামবাসীর দাবি, দ্রুত ধর্ষককে গ্রেফতার করে দ্রুত বিচার আইনের মাধ্যমে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদন্ড কার্যকর করা হোক। এঘটনায় মামলা হলেও আসামী শাহমত খাঁকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। এ মানববন্ধনে বক্তব্য দেন. নিপীড়নের শিকার শিক্ষার্থীর অসহায় পিতা ইসলাম হোসেন,গ্রামবাসী শিপন হোসেন, মনোয়ার হোসেন প্রমুখ।

## মেহেরপুরে ভুল চিকিৎসায় রোগীর

বিচারক এস এম শরিয়ত উল্লাহ বিষয়টি আমলে নিয়ে স্বপ্রনোদিত মামলাটি করেন। যার মামলা নং-মিসকেস ০২/২০২৩। মামলায় মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেনকে তদন্তের নির্দেশ দেন।

## গাংনীর সর্বত্র বিক্রি হচ্ছে এলপিজির

বিস্ফোরক লাইসেন্স ব্যতীত কেউ এলপিজি গ্যাস সিলিন্ডার মজুত করতে পারবে না। গ্যাস সিলিন্ডার মজুত স্থান সব সময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। সেখানে কোনো প্রকারের আগুন বা বৈদ্যুতিক সংস্পর্শ না থাকে, সেদিকে খেয়াল রাখতে হবে। সরেজমিন জেলার বামন্দী, কাথুলী, কেদারগঞ্জ, দারিয়াপুর, হেমায়েতপুর, মড়কা রাইপুর জোড়পুকুর গাংনী শহরের অলিগলিতে মুদি দোকান, তেলের দোকান, আবাসিক ভবন, পানের দোকান, ঝুপড়ি, চায়ের দোকান, এমনকি ওষুধের দোকানেও অবাধে বিক্রি হচ্ছে গ্যাসের সিলিন্ডার ও পেট্রল। বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের আশপাশসহ জনবহুল এলাকায় ঝুঁকিপূর্ণ স্থানে এলপিজি সিলিন্ডার গুদামজাত করা হয়েছে। অধিকাংশ দোকানে অগ্নিনির্বাপক যন্ত্র নেই। কিছু দোকানে অগ্নিনির্বাপক যন্ত্র টাঙানো থাকলেও তা অকেজো ও মেয়াদোত্তীর্ণ। হেমায়েতপুর বাজারের সেরেগুল হার্ডওয়ার মালামালসহ গ্যাস সিলিন্ডার সেই সাথে পেট্রল বিক্রি করছেন। তিনি জানান, গ্যাস সিলিন্ডার বিক্রির বিষয়ে কোনো প্রকারের লাইসেন্স প্রয়োজন পড়ে কি না, তা জানা নেই। বাজারের অনেক দোকানেই তো গ্যাস সিলিন্ডার বিক্রি হয়। একেবারে ফুটপাতে সিলিন্ডার সাজিয়ে রাখা হয়েছে, কেউ তো কিছু বলে না। গাংনী বাজারের সিরাজ সাইকেল স্টোরের সামনে বিক্রির জন্য রাখা হয়েছে গ্যাস সিলিন্ডার। সিলিন্ডারগুলো রাখা হয়েছে একেবারে সড়কের পাশে একটার ওপর আরেকটা করে। কোন অগ্নী নির্বাপক যন্ত্র নেই। একই ভাবে রাইপুর বাজারে আল আমিনের ইলেক্ট্রনিক্স স্টোরেও রাখা হয়েছে গ্যাস সিলিন্ডার। রাখা হয়েছে দোকানের সামনে একটি টেবিলের ওপর বোতলে সাজিয়ে দাহ্য পদার্থ পেট্রল। জানতে চাইলে দোকানি আল আমিন জানান, সড়কে চলাচলরত মোটরসাইকেল আরোহীরা এখান থেকে পেট্রল কিনে থাকেন। চাহিদার কারণে দোকানে পেট্রল বিক্রি করা হচ্ছে। বিস্ফোরক লাইসেন্স প্রয়োজন হয় কি না, জানা নেই। মেহেরপুর জেলা ফায়ার সার্ভিস অধিদপ্তরের পরিদর্শক আবদুস সালাম জানান, জেলায় মোট ৩০০টি প্রতিষ্ঠানকে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপণ ব্যবস্থাপনার লাইসেন্স দেওয়া হয়েছে। এসব প্রতিষ্ঠানের মধ্যে অনেকে এলপিজি সিলিন্ডার বিক্রির ব্যবসা করছে। এর বাইরেও অনেকে এলপিজি সিলিন্ডার বিক্রি করে থাকে। তাদের তালিকা তৈরির কাজ চলছে। বিস্ফোরক পরিদপ্তর খুলনা অঞ্চলের বিস্ফোরক পরিদর্শক মো. আসাদুল ইসলাম জানান, জনবল সংকটের কারণে তাঁরা জেলা পর্যায়ে অনিয়ন্ত্রিত গ্যাস সিলিন্ডার বিক্রি তদারক করতে পারছেন না। এরপরও খুলনা বিভাগের ১০টি জেলায় মাঝেমধ্যে অভিযান চালানো হচ্ছে। মেহেরপুর পলিটেকনিক কলেজের শিক্ষক আল মাহমুদ শুভ বলেন, ঝুঁকিপূর্ণভাবে গড়ে ওঠা গ্যাস সিলিন্ডার ব্যবসা প্রতিষ্ঠান থেকে যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। জীবনহানির মতো দুর্ঘটনা থেকে বাঁচতে ব্যবসায়ীদের সঙ্গে গ্যাস ব্যবহারকারীদেরও নিরাপত্তা বিষয়ে সচেতন হওয়া আবশ্যক। মেহেরপুরের ফায়ার সার্ভিস স্টেশন মাস্টার জাহীদ হোসেন বলেন, গ্যাস সিলিন্ডার বিক্রি করতে হলে অবশ্যই ফায়ার সার্ভিসের ছাড়পত্র লাগবে। কিন্তু মেহেরপুরে দোকানিরা তা না নিয়ে ব্যবসা চালিয়ে যাচ্ছেন। কয়েকদিন ধরে বেশ কয়েকটি আবেদন জমা হয়েছে। বিষয়টি জেলা প্রশাসককে জানানো হয়েছে। মেহেরপুরের জেলা প্রশাসক আজিজুল ইসলাম জানান, বিষ্ফোরক লাইসেন্স ছাড়া এবং অনুমোদনহীন অবৈধ গ্যাস সিলিন্ডার বিক্রির বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হচ্ছে। ইতোমধ্যে মেহেরপুরের দুটি প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে। অভিযান চলছে এবং চলবে।

## যশোরের রেলগেটের প্রিয়া

মজিবর সরদারের মেয়ে। তাদের বিরুদ্ধে কোতোয়ালি থানায় মাদকের একাধিক মামলা রয়েছে। কয়েকদিন আগেও তাদেরকে পুলিশ আটক করে। জামিনে বের হয়ে ফের মাদক ব্যবসা শুরু করে তারা।

## যশোরে র‌্যাবের অভিযানে

২৫২ পিস পেস্ট, ৬০৮০ পিস বিভিন্ন ধরণের ক্রিম, শ্যাম্পু ও সাবান। বিষয়টি নিশ্চিত করেছেন র‌্যাব-৬ যশোরের কোম্পানী অধিনায়ক মেজর মোহাম্মদ সাকিব হোসেন। আটককৃতরা হচ্ছে পাবনা জেলার সাথিয়া থানার নাগ ডেমরা গ্রামের সরোয়ার হোসেন (৪৩), খুলনা জেলার সোনাডাঙ্গা মডেল থানার আরবপুর, গোরাপাড়া গ্রামের শুভ দাস (২৫), খুলনা জেলার সোনাডাঙ্গা মডেল থানার সোনাডাঙ্গা গ্রামের শুভ দাসের স্ত্রী টুম্পা দাস (২৩), যশোর শহরের ঘোপ নওয়াপাড়ার সবুজের স্ত্রী জোসনা খাতুন (৩২), বেনাপোলের ভবেরবেড় মধ্যপাড়ার শিল্পি বেগম (৪৮), যশোরের হরিজন কলোনীর মৃত রামকুমার দাসের স্ত্রী রীনা দাস (৪৮), যশোর রেলবাজার সুইপার কলোনীর দিপু কুমার দাস (২৬), রেলগেট কলাবাগনপাড়া গ্রামের আবু তাহেরের স্ত্রী সালমা বেগম (৫০), রেল গেট পশ্চিমপাড়ার ফুলি বেগম (৪২), অভয়নগর থানার নওয়াপাড়া গ্রামের হাশেম আলীর স্ত্রী লিলি বেগম (৪০), বেনাপোল ভবের বেড় গ্রামের আব্দুর নুর রিপনের স্ত্রী রুপালী খাতুন (৩২), একই গ্রামের নাজমুল হোসেনের স্ত্রী কুলসুম খাতুন (২৩)।

## ইসলামী ব্যাংকের মালিকানা থেকে

করায় ব্যাংকটির পর্ষদের সম্মিলিত শেয়ার ধারণ ৫৫.০৬ শতাংশ কমে ৪১.৯০ শতাংশে নেমেছে।

ইসলামী ব্যাংকের জুন মাসের শেয়ার ধারণ প্রতিবেদন থেকে এ তথ্য জানানো হয়েছে।

গত জুনে ইসলামী ব্যাংকের ২.০১ শতাংশ শেয়ার কিনে নেয় জেএমসি বিল্ডার্স লিমিটেড নামে একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির মনোনিত হয়ে ব্যাংকটির পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ পান এস আলম গ্রুপের চেয়ারম্যান সায়ফুল আলম মাসুদের ছেলে আহসানুল আলম। বর্তমানে ব্যাংকটির চেয়ারম্যান হিসেবে তিনি দায়িত্ব পালন করছেন।

## বিএনপির চূড়ান্ত ঘোষণা কাল

হঠকারী বলে অভিহিত করেন। উল্লেখ্য যে, ১৫ জুলাই একদফা ঘোষণার প্রস্তুতি ছিল দলটির। কিন্তু গতকাল হঠাৎ করেই এই ঘোষণার দিনক্ষণ এগিয়ে আনা হয়।

এর আগেও মির্জা ফখরুলকে একাধিকবার ফিরোজায় তলব করেছিলেন বেগম খালেদা জিয়া। এ সময় তিনি মির্জা ফখরুলের সঙ্গে রুদ্ধদ্বার বৈঠক করেন। প্রতিবার মির্জা ফখরুলকে তিনি নির্বাচনের প্রস্তুতির ব্যাপারে ইঙ্গিত দিয়েছিলেন। বেগম খালেদা জিয়ার মতে, এবারের প্রেক্ষাপট ভিন্ন। এবার নির্বাচনের আগে এমন এক প্রেক্ষাপট তৈরি হয়েছে যখন এক-এগারো সরকারের আশঙ্কা করা হচ্ছে। কারণ আগামী নির্বাচন নিয়ে পশ্চিমাদের তৎপরতা এবার চোখে পড়ার মতো। ২০০৭ সালেও এক-এগারো সরকার প্রতিষ্ঠার সময় একই রকম ঘটনা ঘটেছিল এবং এই এক-এগারো সরকারের বড় ভিকটিম হলো বিএনপি। সুতরাং ২০০৭ এর মতো এবারও যেন কোনো অনির্বাচিত সরকার ক্ষমতায় আসতে পারে কিংবা বিএনপি যেন অনির্বাচিত সরকারের ক্ষমতায় আসার মই না হয় সেব্যাপারে বেগম খালেদা জিয়া মির্জা ফখরুলকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে।

তবে বিএনপির সূত্রগুলো বলছে, খালেদা জিয়ার এ রকম মতামতের সঙ্গে একমত নন তারেক জিয়া। তিনি শিগগির চূড়ান্ত আন্দোলনের ঘোষণা দেওয়া পক্ষে। তারা বলছে, ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নির্বাচন বিষয়ক ৬ সদস্যের তথ্যানুসন্ধানী মিশন ১৬ দিনের সফরে ঢাকা আসছেন। এদের মধ্যে দুজন শনিবার সন্ধ্যায় ঢাকায় পৌঁছেছেন। বাকি ৪ জন আজ রোববার আসছেন। তাদের সঙ্গে বিএনপির প্রতিনিধি দলের বৈঠক হওয়ার কথা রয়েছে। এছাড়া এ সপ্তাহে ঢাকায় আসছেন যুক্তরাষ্ট্রের শক্তিশালী একটি প্রতিনিধি দল। তাই কিছুটা আগেই সরকার পতনের এক দফার আন্দোলনের ঘোষণা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে দলটি। এই এক দফার আন্দোলনের ঘোষণার মধ্য দিয়ে বিএনপি বিদেশি প্রতিনিধিদের কাছে বার্তা পৌঁছাতে চায় যে, তারা এই সরকারের পতনের আন্দোলনে চূড়ান্ত ধাপে নেমেছে। দেখার বিষয় বিএনপি শেষ পর্যন্ত আন্দোলনের মাঠে থাকবে নাকি নাটকীয় সিদ্ধান্ত নির্বাচনে যাবে।

## আরপিও সংশোধনে নির্বাচন

সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি।

সম্প্রতি আরপিও সংশোধন বিল সংসদে পাস হয়েছে। বিরোধীদলের বিরোধিতার মুখে এটি পাস হয়েছে। যদিও স্থানীয় সরকার বিশেষজ্ঞ, রাজনৈতিক দল ও বিভিন্ন সংগঠন বলছে, আরপিও সংশোধনীর ফলে নির্বাচনে ইসির ক্ষমতা কমেছে।

প্রসঙ্গত, মঙ্গলবার (৪ জুলাই) বহুল আলোচিত গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) সংশোধিত বিল পাস হয়েছে। ফলে অনিয়ম হলে শুধু নির্বাচনের দিন ভোট বন্ধ করতে পারবে নির্বাচন কমিশন (ইসি)। তবে বেসরকারি ফলাফলের পর অনিয়মের অভিযোগে পুরো আসনের ফলাফল স্থগিত বা বাতিল করতে পারবে না তারা।

গত ৫ জুন আরপিও সংশোধনী বিল সংসদে উত্থাপন করেন আইনমন্ত্রী আনিসুল হক। তবে জাতীয় পার্টির ফখরুল ইমাম তাতে আপত্তি জানান। ফলে তা কণ্ঠভোটে নাকচ হয়ে যায়।

অনিয়মের অভিযোগে ভোট বন্ধে ইসির ক্ষমতা খর্বের প্রস্তাব করা হয় এ বিলে। নির্বাচনের আগে সরকারের এ প্রস্তাবকে মড়ার ওপর খড়ার ঘা হিসেবে অভিহিত করেন বিশ্লেষকরা।

## নির্বাচন নিয়ে ইইউর কোনো উদ্বেগ

(১০ জুলাই) সচিবালয়ে বাংলাদেশে ?নিযুক্ত ইইউ রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলির সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।

ইউরোপীয় ইউনিয়নকে (ইইউ) আগামী নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ করার নিশ্চয়তা দেয়া হয়েছে জানিয়ে ওবায়দুল কাদের বলেন, সরকার নির্বাচন কমিশনকে সহযোগিতা করবে, যাতে সবার কাছে একটি বিশ্বাসযোগ্য নির্বাচন হয়। অন্যান্য গণতান্ত্রিক দেশে যেভাবে নির্বাচন হয়, সংবিধান মেনে সেভাবেই নির্বাচন হবে দেশে।

সেতুমন্ত্রী বলেন, 'পর্যবেক্ষক আসবেন, কূটনীতিকরা আসবেন। তারা নির্বাচন মনিটরিং করবেন। তারা সরেজমিন দেখতে পাবেন কীভাবে নির্বাচন হচ্ছে। ভিয়েনা কনভেনশনের আওতায় তারা নির্বাচন পর্যবেক্ষণ করবেন। এ ক্ষেত্রে আমাদের কোনো বাধা নেই।'

চলতি মাসের শেষের দিকে ওবায়দুল কাদেরের নেতৃত্বে ভারতের বিজেপির সঙ্গে একটি বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। সেখানে নির্বাচন সংক্রান্ত কোনো আলোচনার উদ্দেশ্য নেই বলেও জানান কাদের।

এদিকে সকালে পররাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আসাদ আলম সিয়ামসহ জ্যেষ্ঠ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন ঢাকা সফররত ইইউর প্রাক-নির্বাচনী পর্যবেক্ষক দল।

ইইউ প্রাক-নির্বাচনী পর্যবেক্ষক দলের নেতৃত্ব দিচ্ছেন রিকার্ডো শোলেরি। আর সচিবালয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সঙ্গে বৈঠক করেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি।

## ঢাকায় সমাবেশের অনুমতি পেল

বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা আবুল খায়ের ভূইয়া।

তিনি বলেন, ১২ জুলাই সমাবেশের অনুমতির জন্য ডিএমপিতে চিঠি দিয়েছিলাম। আজ ডিএমপি কমিশনারের সঙ্গে বৈঠক হয়েছে। তিনি আমাদের মৌখিক অনুমতি দিয়েছেন।

প্রতিনিধি দলে আরও উপস্থিত ছিলেন বিএনপির প্রচার সম্পাদক শহীদউদ্দিন চৌধুরী এ্যানি।

তিনি বলেন, আওয়ামী সরকারের পদত্যাগ এবং নির্বাচনকালীন নির্দলীয় সরকারের দাবিতে ১২ জুলাই বিকাল ৩টায় নয়াপল্টনে বিএনপির দলীয় কার্যালয়ের সামনে আমরা সমাবেশ আহ্বান করেছি। এই প্রসঙ্গে ডিএমপি কমিশনারের সঙ্গে কথা হয়েছে। আমরা উনার কাছ থেকে সর্বাত্মক সহযোগিতা চেয়েছি আইনশৃঙ্খলার দিক থেকে। ডিএমপি আমাদের সহযোগিতার আশ্বাস দিয়েছে। আমরা আশাবাদী আমাদের সমাবেশটি সুন্দরভাবে অনুষ্ঠিত হবে। এই সমাবেশ থেকে আমাদের নতুন কর্মসূচি আসবে।

# ঝিনাইদহে মাদকবিরোধী অভিযানে ২'শ পিস ইয়াবাসহ ১ যুবক গ্রেফতার



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে মাদকবিরোধী অভিযানে ২'শ পিস ইয়াবাসহ মোঃ শফিউল্লাহ (২৯), নামে এক যুবক গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়। সোমবার মহেশপুর উপজেলার কুল্লাহ এলাকায় তাকে গ্রেফতার করা হয়। শফিউল্লাহ মহেশপুর উপজেলার কুল্লাহ গ্রামের মোঃ সুজা উদ্দিনের ছেলে। ঝিনাইদহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানায়, গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানাতে পারে কুল্লাহ গ্রামে ইয়াবা ক্রয়-বিক্রয় চলছে। এসময় সেখানে অভিযান চালালে ঘটনাস্থল থেকে শফিউল্লাহকে ২'শ পিস ইয়াবাসহ গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে মহেশপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ (সংশোধনী ২০২০) সনের ৩৬ (১) সারণি নং -১০ (ক) ধারায় একটি মামলা দায়ের করা হযেছে বলে জানানো হয়।

# ওমরায় যে ৩০ উপকরণ নেয়া যাবে না



**আন্তর্জাতিক ডেস্ক :** ওমরায় ৩০টি সামগ্রী সাথে না নেয়ার জন্য নির্দেশনা জারি করেছে জেদ্দার কিং আবদুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দর। রোববার এক প্রতিবেদনে এমন তথ্য জানিয়েছে সৌদিভিত্তিক গণমাধ্যম দি ইসলামিক ইনফরমেশন। প্রতিবেদনে বলা হয়েছে, ওমরার সময় যাত্রীরা ৩০টি পণ্য বহন করতে পারবে না। এসব পণ্য যদি কারো লাগেজে পাওয়া যায়, আর ফেরত দেয়া হবে না। কর্তৃপক্ষের কাছে তা ফেরতও চাইতে পারবে না। তাই নিষিদ্ধ এসব পণ্য পরিবহন না করার জন্য অনুরোধ জানানো হয়েছে। পণ্য ৩০টি হলো ছুরি, কমপ্রেসড গ্যাস, বিষাক্ত তরল, ব্লেড, বেসবল ব্যাটস, বৈদ্যুতিক স্কেটবোর্ড, বিস্ফোরক, পটকা, আগ্নেয়াস্ত্র, চৌম্বকীয় পদার্থ, তেজস্ক্রিয় বা ক্ষয়কারী উপাদান, যেকোনো বিপজ্জনক সরঞ্জাম, পেরেক ক্লিপার, কাঁচি, মিট ক্লিভার, গোলাবারুদ, জৈব পারক্সাইড, তেজস্ক্রিয় পদার্থ, বৈদ্যুতিক শক ডিভাইস, তরল অক্সিজেন ডিভাইস, সংক্রামক জৈবিক উপাদান, মেলে, লাইটার, বিস্ফোরক বা ক্র্যাকার, দাহ্য তরল পদার্থ, নকল অস্ত্র। তালিকাভুক্ত ছুরি, কমপ্রেসড গ্যাস, ক্ষতিকারক তরল, ধারালো বস্তু, বেসবল ব্যাট, বৈদ্যুতিক স্কেটবোর্ড, বিস্ফোরক ও আতশবাজি নিরাপত্তা ঝুঁকি তৈরি করতে পারে। বিমানের কেবিনে ১৬টি জিনিস বহন করা বিশেষভাবে নিষিদ্ধ। পূর্বের জিনিসগুলো ছাড়াও নিষিদ্ধ আইটেমগুলোর মধ্যে রয়েছে আগ্নেয়াস্ত্র, চৌম্বকীয় আইটেম, তেজস্ক্রিয় পদার্থ ও বিপজ্জনক সরঞ্জাম যেমন নেইল ক্লিপার, কাঁচি ও বড় ছুরি। এছাড়াও বিমানবন্দরে লাগেজে ১৪টি সামগ্রী নিষিদ্ধ। রাসায়নিক, তেজস্ক্রিয় পদার্থ, বৈদ্যুতিক শক ডিভাইস, অন্যান্যের নিষ্ক্রিয় করতে পারে এমন ডিভাইস, বৈদ্যুতিক স্কেটবোর্ড, তরল অক্সিজেন পাত্র, সংক্রামক রোগ ছড়াতে পারে এমন উপকরণ, ম্যাচ, লাইটার ও দাহ্য তরলসহ অনেক পদার্থ রয়েছে, যা অগ্নিকাণ্ডের কারণ হতে পারে।

## স্পেন যাওয়ার পথে নৌকা ডুবে ৩০০ অভিবাসনপ্রত্যাশী নিখোঁজ

**আন্তর্জাতিক ডেস্ক :** আফ্রিকার সেনেগাল থেকে নৌকায় চড়ে স্পেনের ক্যানারি দ্বীপপুঞ্জে যাওয়ার পথে তিনটি নৌকা ডুবে সাগরে অন্তত ৩০০ অভিবাসনপ্রত্যাশী নিখোঁজ হয়েছেন। ঘটনাস্থলে ও আশপাশে সন্ধান চালাচ্ছে উদ্ধারকারী দল। অভিবাসী সহায়তা গোষ্ঠী "ওয়াকিং বর্ডারস" এর বরাতে গতকাল সোমবার এক প্রতিবেদনে এ খবর জানিয়েছে বার্তাসংস্থা রয়টার্স। প্রতিবেদনে বলা হয়, অভিবাসনপ্রত্যাশীদের বহনকারী তিনটি নৌকা সেনেগালের দক্ষিণাঞ্চলীয় কাফাউন্টাইন থেকে যাত্রা শুরু করে। সেখান থেকে ক্যানারি দ্বীপপুঞ্জের টেনেরিফ দ্বীপের দূরত্ব প্রায় ১৭০০ কিলোমিটার। ওয়াকিং বর্ডারসের কর্তৃপক্ষ হেলেনা ম্যালেনো জানিয়েছেন, একটি নৌকায় ৬৫ এবং অন্যটিতে ৫০ থেকে ৬০ জন যাত্রী স্পেনে পৌঁছানোর চেষ্টা করে। তৃতীয় নৌকাটিতে গত ২৭ জুন ২০০ আরোহী নিয়ে সেনাগাল ছেড়ে যায় বলে জানা গেছে। স্পেনের উদ্দেশে নৌকায় রওনা হওয়ার পর পরিবারের সদস্যরা তাদের সঙ্গে আর যোগাযোগ করতে পারেনি বলে জানান ম্যালেনো। রয়টার্সকে তিনি বলেন, "নিখোঁজদের পরিবারের সদস্যরা খুবই উদ্বিগ্ন।

# চীনের কিন্ডারগার্টেনে ছুরি হামলা, নিহত ৬

**আন্তর্জাতিক ডেস্ক :** চীনের দক্ষিণ-পূর্ব গুয়াংডং প্রদেশের একটি কিন্ডারগার্টেনে ছুরি নিয়ে হামলা চালিয়েছে এক দুর্বৃত্ত। ছুরিকাঘাতে ছয়জন নিহত ও একজন আহত হয়েছেন। নিহতদের মধ্যে একজন শিক্ষক, দুজন অভিভাবক এবং বাকি তিনজন শিক্ষার্থী। চীনের পুলিশের বরাত দিয়ে এক প্রতিবেদনে এ খবর জানিয়েছে সংবাদমাধ্যম বিবিসি। পুলিশ জানিয়েছে, স্থানীয় সময় গতকাল সোমবার সকালে হামলা চালায় ২৫ বছর বয়সী এক তরুণ। ইতোমধ্যে তাকে আটক করে হেফাজতে নেওয়া হয়েছে। তদন্ত স্বার্থে তাৎক্ষণিকভাবে হামলাকারীর বিস্তারিত তথ্য প্রকাশ করেনি প্রশাসন। হামলার কারণ অনুসন্ধানে কাজ চলছে। তবে সে ইচ্ছাকৃতভাবেই ছুরি নিয়ে হামলা চালিয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ। বিবিসি বলছে, চীনে হিংসাত্মক ও সহিংস অপরাধ তুলনামূলক কম। তবে সাম্প্রতিক বছরগুলোতে দেশটিতে বেশ কয়েকটি ছুরি হামলার ঘটনা ঘটেছে। এর মধ্যে স্কুলগুলোতে হামলার ঘটনাও রয়েছে। এর আগে গত বছরের আগস্টে দক্ষিণ-পূর্ব জিয়াংসি প্রদেশের একটি কিন্ডারগার্টেনে এক ব্যক্তি ছুরি হামলা চালিয়ে তিনজনকে হত্যা করে এবং ছয়জনকে আহত করে। তারও আগে ২০২১ সালের এপ্রিলে স্বায়ত্তশাসিত অঞ্চল গুয়াংজি ঝুয়াংয়ের বেইলিউ শহরে গণ ছুরিকাঘাতে দুই শিশু মারা যায় এবং ১৬ জন আহত হয়। এছাড়া ২০১৮ সালের অক্টোবর মাসে দক্ষিণ-পশ্চিম চীনের চংকিংয়ের একটি কিন্ডারগার্টেনে ছুরির হামলায় ১৪ জন শিশু আহত হয়েছিল।



# টোনড ফিগারে নজর কেড়েছে শিল্পা শেঠি

**বিনোদন ডেস্ক :** অভিনয় ও ফিটনেস দিয়ে এখনো আলোচনায় থাকেন বলিউড অভিনেত্রী শিল্পা শেঠি। ফিটনেসের কথা উঠলে বলিউডে যাদের নাম প্রথমেই আসে, তাদের মধ্যে শিল্পা অন্যতম। ৪৮বছরের এ অভিনেত্রী প্রায়ই সামাজিক যোগাযোগ মাধ্যমে তার টোনড ফিগার, খাঁজ কাটা অ্যাবস, যোগা, জিম করার সময়ের বিভিন্ন ছবি শেয়ার করে ভক্ত হৃদয়ে ঝড় তোলেন। সম্প্রতি টোনড ফিগারের অধিকারিনী শিল্পা শেট্টি ফটো সাংবাদিকদের ক্যামেরায় ধরা পড়েছেন।

# আইন শৃঙ্খলাকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে ব্যবসায়ীকে ধরে নিয়ে গিয়ে নির্যাতন, সাদা স্টাম্পে স্বাক্ষর আদায়

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের হামদহ এলাকার শাহ মোঃ রবির বিরুদ্ধে কালীচরণপুর ইউনিয়নের মগর খালী গ্রামের মৃত: আব্দুর রাজ্জাকের ছেলে ওষুধ ব্যবসায়ী আশরাফকে দিনে-দুপুরে রিকশা থেকে নামিয়ে নিয়ে নির্যাতন করে জোরপূর্বক সাদা স্টাম্পে স্বাক্ষর করা ও দোকান থেকে ২ লাখ টাকা নিয়ে নেওয়া অভিযোগ উঠেছে। বিভিন্ন সামাজিক কর্মকাণ্ড ও সাংবাদিকতার নাম ভাঙিয়ে জেলা শহর ও আশপাশের এলাকাজুড়ে হুমকি-ধামকি, জমি দখল, খোপবাজির বিস্তর অভিযোগ রয়েছে রবির বিরুদ্ধে। জানাগেছে, গত ৬ জুলাই দুপুর আনুমানিক আড়াইটার দিকে ঝিনাইদহ শহরের হাটের রাস্তার মনিরা ফার্মেসীর মালিক আশরাফ রিকশায় করে বাড়ি যাচ্ছিলেন। শহরের আল ফালাহ হাসপাতালের সামনে দাঁড়িয়ে থাকা রবি ও তার টুকাই বাহিনী আশরাফকে রিকশা থেকে নামিয়ে নিয়ে যায় আল ফালাহ হাসপাতালের নিচে যমুনা ডায়াগনস্টিক সেন্টারের মধ্যে। আশরাফ সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, সেখানে নিয়ে গিয়ে তাকে নির্যাতন করা তার ভাই আসাদের উপস্থিতিতে সাদা স্টাম্পে স্বাক্ষর করে নেয় রবি। যমুনা ডায়াগনস্টিক সেন্টারের মধ্যকার ঘটনা সেখানকার সিসিটিভি ফুটেজ ও মনিরা ফার্মেসীর ঘটনা সেখানকার সিসিটিভি ফুটেজ চেক করলেই বিস্তারিত পাওয়া যাবে। জানাগেছে, আশরাফের ভাই আসাদ আশরাফের কাছে টাকা পাবে। আত্মীয় স্বজন ও আশপাশের দোকানদারেরা বসাবসি করেও মিমাংশা করতে পারেনি। পরে আসাদ শাহ মোঃ রবির সাথে টাকা আদায় করে দিতে ২ লাখ টাকার চুক্তি করে। সেই চুক্তির ভিত্তিতেই রবি বৃহস্পতিবার (৬ জুলাই) এই ঘটনা ঘটায়। এবিষয়ে ছোটকামার কুণ্ডু গ্রামের মোশারফ হোসেন পল্টু বলেন, আমরাও এই ঘটনা নিয়ে বসাবসি করেছি এর আগে। কিন্তু আশরাফ টাকা পাওনার কথা স্বীকার করেনি। সেই কারণে মিমাংসা করা যায়নি। এখন শুনছি তাকে জোরপূর্বক উঠিয়ে নিয়ে যেয়ে সাদা স্টাম্পে স্বাক্ষর নেওয়া হয়েছে নির্যাতন করা হয়েছে। এদিকে, এই ঘটনা নিয়ে বীর জনতা'র বার্তা সম্পাদক ওমর আলী সোহাগ গতকাল সোমবার (১০ জুলাই) বিকাল সাড়ে ৫টার দিকে তার নামীয় ফেসবুক প্রোফাইলে " ঝিনাইদহের মনিরা ফার্মেসির আশরাফকে গত বৃহস্পতিবার দুপুরে আলফালাহ'র নিচে যমুনা ডায়াগনস্টিক সেন্টারে ধরে নিয়ে গিয়ে নির্যাতন করে সাদা স্টাম্পে স্বাক্ষর, দোকান থেকে ২ লাখ টাকা নিলো কারা? " লিখে পোস্ট করলে ১৮ : ০৮ মিনিটে শাহ মোঃ রবির ০১৭১১৯০৯১৭০ নাম্বার থেকে দৈনিক বীর জনতার বার্তা সম্পাদক ওমর আলী সোহাগের মোবাইল নাম্বার ০১৭৩০৬৫১৫৩৬ নাম্বারে ফোন করে অকথ্য ভাষায় গালিগালাজ করে ও প্রাণে মারা হুমকি দিয়ে ফোন কেটে দেয়। পরে ওমর আলী সোহাগ ফোন ব্যাক করলেও আর রিসিভ করেনি রবি। এই ঘটনায় ওমর আলী সোহাগ ঝিনাইদহ সদর থানায় সোমবার সন্ধ্যার সময় জিডি করেছেন। জিডি নং ৭৩২, তারিখ: ১০/০৭/২০২৩ইং। রবি ঝিনাইদহ শহরে কুখ্যাত ছিনতাইকারী হিসাবে পরিচিত। ভাড়াটে মাস্তান হিসাবে কাজ করে। চরি, ডাকাতি, হত্যা চেষ্টাসহ বিভিন্ন মামলায় জেল একাধিকবার জেল খেটেছে। দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নত হলেও রবির আচরণ বদলাইনি। দুই তিন বছর আগে দৈনিক যশোর পত্রিকায় ঝিনাইদহ প্রতিনিধি হয়ে সাংবাদিতায় নাম লেখায়। সাংবাদিকতাকে ঢাল হিসাবে নিয়ে সে এখনো, টাকার বিনিময়ে জমি দখল, শালিস বাণিজ্য চালিয়ে যাচ্ছে। জানাগেছে, রবিবার বাবা বরিশাল থেকে এসে শহরতলীর ছোট কামারকুণ্ডু গ্রামে বসবাস শুরু করে। ছোট বেলা থেকেই টুকাইদের সাথে জড়িয়ে শহরে ছিনতাই করতে শুরু করে। একাধিকবার সে নিজেও প্রতিপক্ষের হামলার শিকার হয়ে বর্তমানে বাম হাত অকেজো হয়ে আছে। তবে দিন দিন বাড়ছে তার মাস্তানির বহর। বীর জনতার বার্তা সম্পাদককে হুমকির ঘটনায় নিন্দা জানিয়েছে ঝিনাইদহের সাংবাদিক নেতারা। তারা অবিলম্বে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হস্তক্ষেপ কামনা করেছেন।

## প্রয়োজনে মার্কিন বিমান গুলি করে নামানো হবে : উ. কোরিয়া

**আন্তর্জাতিক ডেস্ক :** উত্তর কোরিয়ার 'আকাশসীমা লজ্ঘন এবং ভূখণ্ডে প্রবেশ' করলে মার্কিন বিমান গুলি করে ভূপাতিতের হুমকি দিয়েছে পিয়ংইয়ং।

গতকাল সোমবার ভোরে দেশটির জাতীয় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন মুখপাত্র এই কঠোর সতর্কবার্তা দেন। আমেরিকার গোয়েন্দা বিমান তাদের আকাশসীমা লজ্ঘন করছে বলে অভিযোগ কিম প্রশাসনের।

উ. কোরিয়ার রাষ্ট্রীয় সংবাদমাধ্যমে (কেসিএনএ) জানানো হয়েছে, যুক্তরাষ্ট্র নজরদারি বিমান ও ড্রোন ব্যবহার করছে দ্বীপের আশপাশে। নাম প্রকাশে অনিচ্ছুক কর্মকর্তা দাবি করছেন, সম্প্রতি পূর্ব উপকূলের কাছে মার্কিন বিমান কয়েক বার উ. কোরিয়ার আকাশসীমা লজ্ঘন করেছে।

পাশাপাশি কোরীয় উপদ্বীপের কাছে পারমাণবিক সাবমেরিন পাঠিয়ে এই অঞ্চলে উত্তেজনা বাড়িয়ে তুলছে ওয়াশিংটন।

# জার্মানিতে স্থায়ী হতে ছয় মাসে ৪৯ হাজার আবেদন

**আন্তর্জাতিক ডেস্ক :** স্বল্পমেয়াদে বসবাসের অনুমতি থাকা অভিবাসীদের স্থায়ী বসবাসের সুযোগ পাওয়ার বিধান যুক্ত করে আইন কিছুটা শিথিল করেছে জার্মানি। সরকারের এমন ঘোষণার ছয় মাসের মধ্যে অন্তত ৪৯ হাজার অভিবাসী অপরচুনিটি রেসিডেন্টস অ্যাক্টের আওতায় আবেদন জমা দিয়েছেন। ২০২২ সালের ৩১ ডিসেম্বর এই সুযোগটি দেওয়ার সিদ্ধান্ত নেয় জার্মানি। যা জার্মান ভাষায় চান্সেন-আফেন্টহাল্টসরেখট নামে পরিচিত। এই সুযোগে অন্তত ৪৯ হাজার অভিবাসী নতুন করে স্থায়ীভাবে বসবাসের অনুমতি চেয়ে আবেদন জমা দিয়েছেন। ইন্টিগ্রেশন মিডিয়া সার্ভিসের এক সমীক্ষায় এ তথ্য উঠে এসেছে। এখন পর্যন্ত যাচাই-বাছাই করে ১৭ হাজার আবেদন গ্রহণ করা হয়েছে। বাতিল করা হয়েছে দুই হাজার ১০০টি। জার্মান বার্তা সংস্থা ডিপিএ জানিয়েছে, আরও অভিবাসন সংক্রান্ত আইন সংস্কারের ফলে চাপের মুখে পড়েছে কর্তৃপক্ষ? যার কারণে এসব আবেদন নিষ্পত্তি করতে সময় লাগছে অনেক। এই আইনের অধীনে অন্তত ৯৮ হাজার মানুষ স্থায়ী বসবাসের অনুমতি চেয়ে আবদেন জমা দেবে বলে ধারণা করছে কর্তৃপক্ষ। তবে সব দিক বিশ্লেষণ করে ৩৩ হাজার মানুষ স্থায়ীভাবে বসবাসের অনুমতি পাবেন বলেও আশা করা হচ্ছে।



**নতুন সম্ভাবনা**

ডুলডুং বা অস্থায়ীভাবে কিছুদিন জার্মানিতে অবস্থানের অনুমতি পাওয়া ব্যক্তিদের মধ্যে যারা ২০১৭ সালের ৩১ অক্টোবরের আগে এসেছেন, তারা এই আইনের আওতায় দেড় বছরের ভিসা পাওয়ার যোগ্য। এই দেড় বছর তারা আইনি মর্যাদার পাওয়ার পাশাপাশি শ্রমবাজারেও যুক্ত হতে পারবেন। দেড় বছর পর আর্থিকভাবে স্বাবলম্বী, জার্মান ভাষায় প্রাথমিক জ্ঞান আছে এবং পরিচয়ের প্রমাণ তুলে ধরতে পারবেন যারা, তাদের স্থায়ী বসবাসের অনুমতির চেয়ে আবেদনের সুযোগ দেওয়া হবে। তবে, আবেদনটি ১৮ মাস শেষ হবার আগেই করতে হবে।

## ইউক্রেনে ত্রাণ বিতরণ কেন্দ্রে রাশিয়ার হামলা, নিহত ৪

**আন্তর্জাতিক ডেস্ক :** দক্ষিণ ইউক্রেনের জাপোরিঝিয়া অঞ্চলের ওরিখিভ শহরে একটি ত্রাণ বিতরণ কেন্দ্রে রাশিয়ার গোলাবর্ষণে চারজন নিহত ও ১৩ জন আহত হয়েছে বলে সংশ্লিষ্ট কর্মকর্তারা গতকাল সোমবার জানিয়েছেন। আঞ্চলিক গভর্নর এ হামলাকে 'যুদ্ধাপরাধ' বলে অভিহিত করেছেন। গভর্নর ইউরি মালাশকো সামাজিক যোগাযোগ মাধ্যমে বলেছেন, 'তারা একটি আবাসিক এলাকায় মানবিক সহায়তা বিতরণের স্থানে আঘাত করেছিল... ঘটনাস্থলেই চারজন মারা গেছেন : ৪৩, ৪৫ ও ৪৭ বছর বয়সী তিন নারী এবং ৪৭ বছর বয়সী এক পুরুষ।' যুদ্ধ শুরুর আগে ওরিখিভে জনসংখ্যা ছিল প্রায় ১৪ হাজার, যা জাপোরিঝিয়া অঞ্চলের ফ্রন্টলাইন। রাশিয়ান নেতা ভ্লাদিমির পুতিন গত বছর এ অঞ্চলের ওপর সম্পূর্ণ সামরিক নিয়ন্ত্রণ না থাকা সত্ত্বেও সংযুক্ত করে নেওয়ার দাবি করেছিলেন। অন্যদিকে ইউক্রেনের প্রসিকিউটর জেনারেল এক বিবৃতিতে বলেছেন, হামলাটি এক দিন আগে স্থানীয় সময় দুপুর ১টা ২০ মিনিটে হয়েছিল এবং নিহতদের পাশাপাশি ১৩ জন আহত হয়েছে।

## বিনোদন




# একে-অন্যকে নিয়ে টানাটানি, মুখ খুললেন ফারুকী


**বিনোদন প্রতিবেদক :** এবারের ঈদে দেশের সিনেমা হলে ৫ টি সিনেমা মুক্তি পেয়েছে। ঈদের দ্বিতীয় সপ্তাহে এসেও দেশের মাল্টিপ্লেক্স ও সিনেমা হলগুলোতে সিনেমাগুলো দাপটের সঙ্গে চলছে। দেশে হিন্দি সিনেমা মুক্তি পাচ্ছে, মাল্টিপ্লেক্সগুলোতে নিয়মিত মুক্তি পায় হলিউডের সিনেমা। এসব সিনেমাকে সরিয়ে বাংলা সিনেমায় দর্শকের বিপুল সাড়া পাওয়া যাচ্ছে। এতে

## এফডিসিকে এগিয়ে নিয়ে যেতে চান নিপুণ

**বিনোদন ডেস্ক :** গেল ঈদে দেশের প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে পাঁচটি সিনেমা। সিনেমাগুলো দর্শকদের ভালোভাবেই আকৃষ্ট করেছে। বিগত সময়ের মধ্যে এবার সবচেয়ে বেশি ভিড় জমেছে হলগুলোতে। দর্শকদের মাঝে দেখা যাচ্ছে অন্য রকম উন্মাদনা। যা একপ্রকার বাংলা সিনেমার জোয়ার। আর এই জোয়ারে সামনের দিনে বিশাল আকার ধারণ করার প্রত্যয় ব্যক্ত করেছেন অভিনেত্রী নিপুণ আক্তার। সম্প্রতি নিপুণ বলেন, এখন কেন সিনেমা ভালো হচ্ছে। এর আগে ভালো সিনেমা হয়নি? আগেও ভালো সিনেমা হয়েছে। তবে সিনেমার ফাউন্ডেশন ভালো ছিল না, যা এখন ঠিক হয়েছে। এসবের জন্য আমরা (চলচ্চিত্র শিল্পী সমিতি) কাজ করছি। দুই বছরে সেই ভিত্তি ঠিক করেছি বলেই বাংলা সিনেমা ভালো লাগছে। সবসময় ফাউন্ডেশন ঠিক রাখতে হবে। এটা ঠিক থাকলে সিনেমার অবস্থা ভালো হবে। দুই বছরের মধ্যে আমরা এফডিসিকে একটু এগিয়ে নিয়েছি। ইনশাআল্লাহ, ২০২৪ সালের ঈদে আপনারা দেখবেন বাংলাদেশে বিশাল একটা জোয়ার বয়ে যাচ্ছে। তবে সরকারি সাহায্যকে অনুদান বলতে নারাজ নিপুণ।

# টিজারেই 'জওয়ান'র বাজিমাত

**বিনোদন ডেস্ক :** ঘোষণা দিয়েছেন আগেই। ভক্তরা অধীর আগ্রহে অপেক্ষাতেও ছিলেন। তবে এভাবে টর্নেডোর মতো কাঁপিয়ে দিবেন, তা হয়তো অনেকেই ভাবেনি। তবে নামটা যে শাহরুখ খান! তিনি কাঁপাতেই আসেন, এটাই তো নিয়ম। প্রকাশ হলো শাহরুখ খানের বহুল প্রতীক্ষিত চলচ্চিত্র 'জওয়ান'-এর টিজার। আর প্রথম টিজারেই বিশাল বিস্ফোরন ঘটালেন শাহরুখ-অ্যাটলি জুটি। প্রথমবারের মতো অ্যাটলির পরিচালনায় অভিনয় করলেন শাহরুখ। দক্ষিণের মাস হিট মেকার খ্যাত অ্যাটলি মানেই ধুন্ধুমার অ্যাকশন আর মসলাদার গল্পের সমন্বয়ে এন্টারটেইনমেন্ট প্যাকেজ। এবারেও তার ব্যতিক্রম নয়। টিজারে যার ঝলক দেখা গেল। সোমবার সিনেমাটির টিজার প্রকাশ করা হবে, এ ঘোষণা আগেই জানানো হয়েছিল। সকাল সাড়ে দশটায় সেই অপেক্ষার অবসান ঘটল। প্রকাশ্যে এল ২ মিনিট ১২ সেকেন্ডের প্রিভিউ অর্থাৎ আগাম ঝলক। টিজারে বলিউড বাদশাকে একাধিক লুকে দেখা গেছে। কখনও তিনি ভারতীয় সৈনিক, কখনও আবার রোমান্টিক লুকে। তবে অর্ধেক জলন্ত মুখে মুখোশ পরা শাহরুখের তীক্ষ্ম চাহনি ঝড় তুলেছে দর্শক হৃদয়ে। অবশ্য মুখের ব্যান্ডেজ খুলেই নিজের ভিন্ন লুকে চমকে দেন কিং খান। প্রথমবারের মতো ন্যাড়া মাথায় হাজির হলেন পর্দায়। টিজারে দেখা গেছে দক্ষিণের লেডি সুপারস্টার নয়নতারাকে। পুলিশের ভূমিকায় অভিনয় করছেন তিনি। এক ঝলক দেখা গেছে দীপিকা পাড়ুকোনেরও। বিজয় সেতুপাতির হালকা ঝলকেই কম্পন তুলেছে দর্শকমহলে। সঙ্গে রয়েছেন প্রিয়ামণি, সানায়া মালহোত্রা আর এক ঝাঁক নতুন তারকা। মাথা নষ্ট করা অ্যাকশন সিকুয়েন্স যেন অগ্রিম ঝড়ের পূর্বাভাস দিল টিজারে! এদিকে টিজার প্রকাশের পর থেকেই সামাজিক যোগাযোগ মাধ্যম যেন 'জওয়ান'ময়। চারপাশে শুধুই জওয়ান নিয়ে চর্চা। ভক্তদের আগ্রহের পারদ এখন তুঙ্গে। একের পর এক পোস্ট করে নিজেদের অনুভূতি প্রকাশ করছেন অনুরাগীরা। কারো মতে, পাঠানের সব রেকর্ড ভেঙে দেবে জওয়ান। কেউ বা বলছেন, এবার দক্ষিণ নিয়েই দক্ষিণকে টেক্কা দেবেন শাহরুখ। কারো মতে, বছরের অন্যতম ব্লকবাস্টার লোডিং হতে যাচ্ছে। সেই সঙ্গে শাহরুখের ভিন্ন ভিন্ন লুকেরও প্রশংসাং পঞ্চমুখ ভক্তরা। দক্ষিণের তারকা পরিচালক অ্যাটলি পরিচালিত জওয়ানে প্রধান ভূমিকায় অভিনয় করছেন শাহরুখ খান। আরো রয়েছেন নয়নতারা, বিজয় সেতুপাতি, সানায়া মালহোত্রা, প্রিয়ামণি, সুনীল গ্রোভার।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলী, সওজ, এর কার্যালয়
সড়ক বিভাগ, ঝিনাইদহ।
ই-মেইলঃ eerhdjhe@gmail.com

স্মারক নং-৩৫.০১.৪৪১৯.৪৩৩.০২.০৩০.২৩- ৬৮৬ তারিখ : ১০/০৭/২০২৩ খ্রিঃ

সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তি/লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক বিভাগ, ঝিনাইদহ কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) বাজেটের আওতায় সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের মাধ্যমে প্রতিক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের অভ্যন্তরীন ক্রয়কার্য (NCT-Works) সম্পাদনের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করা হবে। সিপিটিইউ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সড়ক বিভাগ, ঝিনাইদহ অথবা উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, সড়ক উপ-বিভাগ, ঝিনাইদহ হতে আগামী ১৬/০৭/২০২৩ হতে ১৫/০৮/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরবরাহ করা হবে। ১০০০.০০ (এক হাজার) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নির্বাহী প্রকৌশলী,সওজ,ঝিনাইদহ এর অনুকূলে জমা প্রদান করে অথবা মানি রিসিটের মাধ্যমে ১০০০.০০ (এক হাজার) টাকা পরিশোধ করত: আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে পারবেন। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৬ আগস্ট ২০২৩ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে সড়ক বিভাগ, ঝিনাইদহ এর অফিসে জমা প্রদান করতে হবে। সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৩ অনুসরণযোগ্য এবং এ তালিকা ভূক্তিকরণ দরপত্র আহ্বান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করে না।

উল্লেখ্য যে, ইতিপূর্বে অত্র দপ্তরের তালিকাভুক্ত ঠিকাদারগণ ২০২৩-২০২৪ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি বাবদ টাকা = ২,০০০/- (দুই হাজার টাকা) + ১৫% ভ্যাট বাবদ ৩০০/-(তিনশত টাকা) বিনা জরিমানায় আগামী ৩১/০৭/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে এবং সমপরিমান জরিমানাসহ ৩১/০৮/২০২৩ তারিখের মধ্যে অত্র দপ্তরে জমা পূর্বক লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

10.07.2023
(মোহাম্মদ আনোয়ার পারভেজ)
পরিচিতি নং-৬০২২৭৮
নির্বাহী প্রকৌশলী(চ: দা:), সওজ
সড়ক বিভাগ, ঝিনাইদহ।



# সোশ্যাল মিডিয়ায় শ্রাবন্তী ঝড়

**বিনোদন ডেস্ক :** সুইমিং পুলের নীল পানি দৃশ্যমান। খোলা চুল, আর হলুদ বিকিনিতে ধরা দিলেন টলিউডের জনপ্রিয় অভিনেত্রী শ্রাবন্তী চ্যাটার্জি। তাকে দেখে হতবাক নেটিজেনরা। বোল্ড লুক আর তীক্ষ্ণ চাহনিতে ঘায়েল সবাই। অবশ্য শুধু নেটিজেনরাই নয়, শ্রাবন্তীর দেখে বাকরুদ্ধ টলিউড তারকারও। চল্লিশের দোরগোড়ায় দাঁড়িয়ে অভিনেত্রী, তবুও শ্রাবন্তীর রূপের আগুন যেন বিন্দুমাত্র কমেনি। শনিবার হলুদ রঙের বিকিনিতে ছবি পোস্ট করে সোশ্যাল মিডিয়ায় রীতিমতো ঝড় তুলেছেন এই টলিউড সুন্দরী। ভক্তদের কথায়, 'এ যেন শিল্পীর পারফেক্ট ফ্রেম।' এক ভক্ত লিখেছেন, 'তুমি আমার স্বপ্নে দেখা অষ্ঠাদশী।' টলিউড তারকারাও শ্রাবন্তীর এই পোস্টের কমেন্ট বক্সে প্রশংসার ঝড় তুলেছেন। মিমি চক্রবর্তী কিছুটা মজার ছলেই কমেন্টে লিখেছেন, 'মাম-নি।' অন্যদিকে, বাক্যহারা সৌমিতৃষাও। তিনি নায়িকার কমেন্টে বক্সে লিখেছেন, 'ইনস্টাগ্রাম তো জ্বলে গেল আজ'। মৌনি রায় আগুন জ্বলা স্টারের ইমোজি দিয়েছেন কমেন্ট বক্সে। শ্রাবন্তীর এই ছবি দেখে নেটিজেনদের একাংশ অবশ্য বরাবরের মতো কটাক্ষ করতে ছাড়েননি। একজন লিখেছেন, 'বুড়ো বয়সের ভীমরতি'। আরেকজন লিখেছেন, 'চার নম্বর বিয়ের জন্য পাত্র খুঁজছে দিদি।' তবে ট্রোলারদের কখনোই পাত্তা দেন না শ্রাবন্তী। কটাক্ষের চেয়ে অভিনেত্রীর রুপের প্রশংসাই বেশি দেখা গেছে কমেন্ট বক্সে। অনেকেই বলেছেন, কে বলবে নায়িকার ছেলের বয়স ২১। আগামী আগস্ট মাসে ২১ বছর বয়সে পা দেবে শ্রাবন্তীর ছেলে অভিমন্যু ওরফে ঝিনুক। আগস্ট মাসে একদিনের ব্যবধানে মা-ছেলের জন্মদিন। মাত্র ১৭ বছর বয়সে মা হয়েছিলেন শ্রাবন্তী। রাজীব বিশ্বাসের সঙ্গে বিবাহ বিচ্ছেদ হওয়ার পর ছেলের সম্পূর্ণ দায়িত্ব পালন করেন মা শ্রাবন্তী। বর্তমানে 'আমি আমার মতো' সিনেমার শুটিংয়ে লন্ডনে রয়েছেন এই অভিনেত্রী। এছাড়াও তার হাতে রয়েছে আরও বেশ কিছু কাজ। সব মিলিয়ে বেশ ব্যস্ত শ্রাবন্তী।